# জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১১৪তম সভার কার্যবিবরণী

**সভাপতি:** ড. নাজমুন নাহার করিম, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি এবং সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি।

**সভার তারিখ ও সময়:** ৮ সেপ্টেম্বর ২০২৫; সকাল ১০:০০ ঘটিকা।

**সভার স্থান:** ১নং সম্মেলন কক্ষ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি), ফার্মগেট, ঢাকা।

**সভায় উপস্থিতির তালিকা:** পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

ড. নাজমুন নাহার করিম, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি এবং সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে আলোচ্য বিষয় অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য জনাব মো: জয়নাল আবেদীন, পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর এবং সদস্য সচিব, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটিকে অনুরোধ জানান। পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর এবং সদস্য সচিব, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে আলোচ্য বিষয়সমূহ পর্যায়ক্রমে উপস্থাপন করেন।

**আলোচ্য বিষয় ১: জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১১৩তম সভার কার্যবিবরণী অনুমোদন।**

জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১১৩তম সভা ১০ এপ্রিল, ২০২৫ খ্রি: সকাল ১০.০০ ঘটিকায় ড. নাজমুন নাহার করিম, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি এবং সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি এর সভাপতিত্বে বিএআরসি'র ১নং সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী কারিগরি কমিটির সকল সদস্যের নিকট প্রেরণ করা হয়। সভায় কার্যবিবরণী সংশোধনের বিষয়ে জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১১৩তম সভার কার্যবিবরণীর আলোচ্য বিষয় ২ এ উল্লেখিত হাইব্রিড ধানের জাতের নামসমূহ জাতীয় বীজ বোর্ডের ১০৩তম সভার সিদ্ধান্ত অনুযায়ী লেখার সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্তঃ জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১১৩তম সভার কার্যবিবরণী সংশোধন সাপেক্ষে অনুমোদন করা হলো।**

**আলোচ্য বিষয় ২: বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) কর্তৃক প্রস্তাবিত ০১(এক)টি বোরো ইনব্রেড ধানের (Black rice) জাত ছাড়করণ।**

প্রস্তাবিত ব্রি ধান১১৫ একটি ভিটামিন ই এবং অ্যান্টিঅক্সিডেন্ট সমৃদ্ধ কালো চালের বোরো ধানের জাত। এর কৌলিক সারি BR(Bio) 13028-AC24-2-3। প্রথমে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত জাত ব্রি ধান২৮ এর সাথে কালো চালের ধানের জাত Padi Kool এর সংকরায়ন করা হয় এবং প্রাপ্ত $F_1$ জেনারেশনে এন্থ্যার কালচার পদ্ধতি ব্যবহার করে ডাবল হ্যাপ্লয়েড গাছ তৈরী করা হয়। এরপর এক বছর পেডিগ্রী পদ্ধতি ব্যবহারের মাধ্যমে হোমোজাইগাস কৌলিক সারি নির্বাচন করে এই সারিটি উদ্ভাবন করা হয়।

উল্লেখ্য, বীজ প্রত্যয়ন এজেন্সীর কন্ট্রোল ফার্মে প্রস্তাবিত জাতের পর পর দুই বছর DUS (Distinctness, Uniformity and Stability) পরীক্ষায় প্রস্তাবিত জাত এবং চেক জাত ব্রি ধান৮৬ এর মধ্যে ১২টি বৈশিষ্ট্যে স্বাতন্ত্র্য পাওয়া গিয়েছে। বৈশিষ্ট্যগুলো হচ্ছে- ৩। Penultimate leaf: pubescence of blade, ১৪। Culm diameter, ২১। Panicle: number of effective tillers in plant, ২৪। Panicle: awn in spikelet, ২৫। Panicle: length of longest awn, ২৬a। Panicle: distribution of awns. ২৬b। Panicle: color of awns, ৩০। Grain: wt of 1000 fully developed grains (at 12%), ৩১। Grain: length (without dehulling), ৩৩। Decorticated grain: length (After dehulling, before milling), ৩৪। Leaf senescence এবং ৩৬। Decorticated, unpolished grain: color।

প্রস্তাবিত বোরো ধানের জাতটি ২০২৪-২৫ রবি মৌসুমে ১০টি অঞ্চলে অনফার্ম ৬টি (সদর, যশোর; সদর, ফেনী; দেবিদ্বার, কুমিল্লা; সদর, বগুড়া; পবা, রাজশাহী ও সদর, দিনাজপুর) এবং অনস্টেশন ৪টি (ব্রি, গাজীপুর; ব্রি, বরিশাল; ব্রি, ফরিদপুর ও ব্রি, রংপুর) সহ মোট ১০টি স্থানে VCU (Value for Cultivation and Use) টেস্ট/ ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ১০টি স্থানের মধ্যে ৮টি স্থানে যথা ব্রি, গাজীপুর (১০.৫৪%); ব্রি, বরিশাল (১১.৫৮%); সদর, যশোর (২.৬১%) সদর, ফেনী; (১৯.১১%) পবা, রাজশাহী (৫.১৪%);

সদর, বগুড়া (৬.০২%); দেবিদ্বার, কুমিল্লা (৭.৭২%) ও সদর, দিনাজপুর (১৩.২৪%) প্রস্তাবিত জাতটিতে চেক জাতের সমান বা বেশী ফলন পাওয়া গিয়েছে এবং ব্রি, ফরিদপুর (-৯.৯১%) ও ব্রি, রংপুর (-৩.৪৯%) এ প্রস্তাবিত জাতটিতে চেক জাতের চেয়ে কম ফলন পাওয়া গিয়েছে। মূল্যায়ন ফলাফল অনুযায়ী প্রস্তাবিত জাতটির গড় ফলন ৭.৪০ টন/হেক্টর ও চেক জাত ব্রি ধান৮৬ এর গড় ফলন ৬.৯৮ টন/হেক্টর। প্রস্তাবিত জাতের জীবনকাল ১৩৭দিন ও চেক জাতের জীবনকাল ১৩৮দিন। বিভিন্ন অঞ্চলে রোগবালাই এর আক্রমণ পর্যালোচনা করে দেখা যায় যে, উক্ত জাতটিতে ব্রি, ফরিদপুর এ ব্যাকটেরিয়াল ব্লাইট স্কোর- ৫ ও সদর, বগুড়ায় সিথ ব্লাইট স্কোর- ৫ পাওয়া গিয়েছে এবং পোকামাকড়ের আক্রমণ সহনীয় পর্যায়ে রয়েছে।

পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর এবং সদস্য সচিব, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি সংশ্লিষ্ট ব্রিডারকে প্রস্তাবিত জাত সম্পর্কে সংক্ষেপে তথ্য উপস্থাপন করার অনুরোধ করেন।

এ প্রেক্ষিতে সংশ্লিষ্ট ব্রিডার ড. সাহানাজ সুলতানা, সিএসও এবং প্রধান, বায়োটেকনোলজি বিভাগ, ব্রি, গাজীপুর প্রস্তাবিত জাত সম্পর্কে বিস্তারিত তথ্য উপস্থাপন করেন। তিনি বলেন, প্রস্তাবিত ব্রি ধান১১৫ এ আধুনিক উফশী ধানের সকল বৈশিষ্ট্য বিদ্যমান। পূর্ণ বয়স্ক গাছের গড় উচ্চতা ১০০ সে.মি.। পাতা গাঢ় সবুজ এবং পাকার সময় গাছের কান্ড ও পাতা সবুজ থাকে। এর কান্ড শক্ত এবং ডিগপাতা খাড়া। ধান লম্বা ও চিকন। ধান কালো বাদামী রঙের এবং দানার রং কালো। ধানের দানায় ভিটামিন-ই এবং সায়ানিডিন-৩-গ্লুকোসাইডের (C3G) পরিমাণ যথাক্রমে ১৪.৯৮ মিলিগ্রাম/কেজি এবং ২৯.১২ মিলিগ্রাম/কেজি। এছাড়াও ধানের দানায় প্রতি ১০০ গ্রামে ৫৩৬.৬১ UM AAE অ্যান্টিঅক্সিডেন্ট বিদ্যমান। ১০০০টি পুষ্ট ধানের ওজন প্রায় ১৭.৮ গ্রাম। এ ধানের অ্যামাইলোজ ২৩%। ভিটামিন-ই ত্বক, চোখের সুস্থতা বজায় রাখতে এবং রোগ প্রতিরোধ ক্ষমতা শক্তিশালী করতে সাহায্য করে। ব্ল্যাক রাইস বিভিন্ন অনুষ্ঠানে নানা ধরনের উপাদেয় খাবার (যেমন পায়েস, পিঠা, কেক, পানীয়, সালাদ, নুডলস ইত্যাদি) তৈরির জন্য উপযুক্ত।

জনাব মো: রওশন আলম, অতিরিক্ত পরিচালক (উপকরণ), সরেজমিন উইং, ডিএই ভিটামিন ই সমৃদ্ধ ব্ল্যাক রাইস উদ্ভাবন করায় ব্রি'র বিজ্ঞানীদের ধন্যবাদ জানান। তিনি বলেন, প্রস্তাবিত জাতটির Medicinal Value রয়েছে। প্রস্তাবিত জাতটি ছাড়করণের জন্য সুপারিশ করা যেতে পারে।

ড. মো: আবদুছ ছালাম, সদস্য পরিচালক (শস্য), বিএআরসি বলেন, মানবদেহে এন্টিঅক্সিডেন্ট এর পরিমান ৮-১১ হাজার এর চেয়ে বেশি হয়ে গেলে পার্শ্ব প্রতিক্রিয়া হতে পারে। তিনি ব্রি, গাজীপুরকে জাতটি উদ্ভাবনের জন্য ধন্যবাদ জানান। প্রস্তাবিত জাতটি ছাড়করণ করা যেতে পারে।

ড. নাসরিন আক্তার আইভি, প্রফেসর, গাকৃবি, গাজীপুর প্রস্তাবিত জাতের প্যারেন্ট লাইন হিসেবে ব্রি ধান২৮ কে কেন নির্বাচন করা হয়েছে এবং প্রস্তাবিত জাতের সাথে ব্যবহৃত চেক জাতটি কিভাবে নির্বাচন করা হয়েছে। জাতটিতে এন্টিঅক্সিডেন্ট কি পরিমান রয়েছে তা জানতে চান।

এ প্রসঙ্গে ড. খন্দকার মো: ইফতেখারুদ্দৌলা, সিএসও এবং প্রধান, উদ্ভিদ প্রজনন বিভাগ, ব্রি, গাজীপুর বলেন, যেসব জাতের চালের outer layer white সে চালগুলোতে antioxidant এর পরিমান শূন্য থাকে। ব্রিধান২৮ এ antioxidant এর পরিমান শূন্য। Pedi khol একটি Landrace, এর ফলন খুবই কম। অপরদিকে ব্রিধান২৮ উচ্চ ফলনশীল জাত, এজন্য ব্রিধান২৮ প্যারেন্ট লাইন হিসেবে নির্বাচন করা হয়েছে। চেক জাত নির্বাচনের প্রসঙ্গে তিনি বলেন, ইনব্রেড ধানের জাত মূল্যায়ন এবং ছাড়করণ পদ্ধতি, ২০২৫ অনুযায়ী প্রস্তাবিত জাতের দানা এবং জীবনকালের সাথে সামঞ্জস্যপূর্ণ এবং সর্বোচ্চ ফলনসম্পন্ন জাত হিসেবে চেকজাত নির্বাচন করা হয়েছে।

ড. নাসরিন আক্তার আইভি, প্রফেসর, গাকৃবি প্রস্তাবিত জাতটির মাঠ পর্যায়ে segregating genenation দেখা হয়েছে কিনা, এ বিষয়ে জানতে চেয়েছেন?

এ প্রসঙ্গে ড. খন্দকার মো: ইফতেখারুদ্দৌলা, সিএসও এবং প্রধান, ব্রি, গাজীপুর বলেন, Anther culture করার পর selection breeding করা হয়েছে।

ড. মুন্সি রশিদ আহমেদ, পরিচালক (গবেষণা), বারি বলেন, যেহেতু প্রস্তাবিত জাতের গাছের উচ্চতা অন্যান্য জাতের তুলনায় বেশি সেহেতু লজিং এর সমস্যা হওয়ার সম্ভাবনা আছে কিনা। বান্দরবনে কিছু indigenous ধানের জাত পাওয়া যায়, সে জাতগুলোর ধানের চালে এক ধরনের ঘ্রান পাওয়া যায় যা গ্রহণযোগ্য নয়। তিনি প্রস্তাবিত জাতটিতে এ ধরনের ঘ্রান আছে কি না জানতে চান।

এ প্রসঙ্গে ব্রিডার বলেন, বিদ্যমান ধানের জাতগুলোর মধ্যে ব্রি ধান৮৬ এ সবচেয়ে কম লজিং হয়। ট্রায়ালে দেখা গিয়েছে প্রস্তাবিত জাতটির লজিং টলারেন্স ব্রি ধান৮৬ এর চেয়েও বেশি। প্রস্তাবিত জাতটিতে indigenous ধানের জাতগুলোর মতো এ্যারোমা নাই কিন্তু এর কিছু sister line আছে যেগুলোতে ঐ ধরনের এ্যারোমা রয়েছে এবং ঐ সকল কৌলিক সারির সম্পূর্ণ endosperm ব্ল্যাক। প্রস্তাবিত জাতটির শুধুমাত্র allurene layer ব্ল্যাক।

ড. মো: আমিনুল হক, প্রফেসর, রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রস্তাবিত জাতটিতে anther culture কেন করা হয়েছে জানতে চান।

এ প্রসঙ্গে ব্রিডার বলেন, প্রস্তাবিত জাতটিতে Anther culture মূলত করা হয়েছে breeding cycle reduce করার জন্য। Conventional breeding method এ একটি জাত উদ্ভাবন করতে প্রায় ১৪-১৫ বছর লেগে যায় কিন্তু anther culture ব্যবহার করলে একটি জাত উদ্ভাবন করতে মাত্র ৪-৫ বছর সময় লাগে।

জনাব এ এইচ এম হুমায়ুন কবির, ম্যানেজিং ডিরেক্টর, সুপ্রীম সীড কোং লি. বলেন, প্রস্তাবিত জাতটির Unique selling point নির্দিষ্ট করে দিতে হবে। চাল রান্না করার পর ভিটামিন ই সঠিক মাত্রায় পাওয়া যাবে কি না তিনি জানতে চান।

ড. খন্দকার মো: ইফতেখারুদ্দৌলা, সিএসও এবং প্রধান, ব্রি, গাজীপুর বলেন, antioxidant properties এর জন্য ভিটামিন-ই এককভাবে দায়ী না, সবচেয়ে বেশি contribute করে C3G। ভিটামিন-এ, ডি, ই এবং কে water soluble নয় সেহেতু রান্নার পর ভিটামিন-ই loss হবে না।

জনাব শাহজাহান আলী, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট, বাংলাদেশ সোসাইটি অব সীড টেকনোলজি প্রস্তাবিত জাতটির ALART করা হয়েছে কি না জানতে চান। তিনি আরো বলেন, বাংলাদেশের মানুষ সাধারনত সাদা চালের ভাত খেয়ে অভ্যস্ত, কৃষক এবং সাধারন মানুষ কালো চাল গ্রহন করবে কিনা ।

ড. খন্দকার মো: ইফতেখারুদ্দৌলা, সিএসও এবং প্রধান, ব্রি, গাজীপুর বলেন, Participatory Variety Selection এ farmers এর reaction যেটা সেটা সাধারনত Stress tolerance variety এর ক্ষেত্রে করা হয়ে থাকে। একই কাজ Advance line Adaptive Research Trial যখন কৃষকের মাঠে করা হয় তখন ব্রি এর ALART division এর বিজ্ঞানীরা কৃষকের মতামত গ্রহন করে। কৃষকের কাছে উক্ত জাতটির গ্রহণযোগ্যতা ভালো ছিলো এবং সেই তথ্য ব্রি'র কাছে আছে।

ড. মো: আকতার হোসেন খান, প্রধান বীজতত্ত্ববিদ, বীজ উইং, কৃষি মন্ত্রণালয় বলেন, বাংলাদেশে এখন পর্যন্ত কালো ধানের জাত নাই। প্রস্তাবিত জাতটি ভিটামিন ই সমৃদ্ধ কালো ধানের জাত। এ সকল বিষয় বিবেচনা করে প্রস্তাবিত জাতটি ছাড়করণ করা যেতে পারে।

**সিদ্ধান্ত: ইনব্রেড ধানের জাত মূল্যায়ন এবং ছাড়করণ পদ্ধতি, ২০২৫ অনুসারে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) কর্তৃক প্রস্তাবিত ০১(এক)টি বোরো ইনব্রেড ধানের (Black rice) কৌলিক সারিটি BR(Bio) 13028-AC24-2-3 ব্রি ধান১১৫ হিসেবে ছাড়করণের জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হলো।**

**আলোচ্য বিষয় ৩: বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) কর্তৃক প্রস্তাবিত ০১(এক)টি দীর্ঘ জীবনকালসম্পন্ন বোরো ইনব্রেড ধানের জাত ছাড়করণ।**

**BR11318-5R-84 (ব্রি ধান১১৬):** প্রস্তাবিত ব্রি ধান১১৬ জাতটির কৌলিক সারি বিআর১১৩১৮-৫আর-৮৪। প্রস্তাবিত ব্রি ধান১১৬ জাতটি বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) কর্তৃক ২০১৫ সালে ব্রি ধান২৯ এর সাথে HUA565 এর সংকরায়ণের পর সিঙ্গেল সিড ডিসেন্ট ভিত্তিক রেপিড জেনারেশন এডভান্সমেন্ট পদ্ধতির মাধ্যমে Forward Breeding প্রক্রিয়ায় উদ্ভাবন করা হয়েছে। ২০২৪-২৫ সালে কৌলিক সারিটি বীজ প্রত্যয়ন এজেন্সীর তত্ত্বাবধানে বাংলাদেশের ১০ (দশ)টি স্থানে মাঠ মূল্যায়ন করা হয়।

ব্রি ধান১১৬ এ আধুনিক উফশী ধানের সকল বৈশিষ্ট্য বিদ্যমান। এ জাতের ডিগপাতা খাড়া, প্রশস্ত ও লম্বা এবং ধান পাকলেও সবুজ থাকে। পূর্ণ বয়স্ক গাছের গড় উচ্চতা ১০৭ সে.মি.। ১০০০টি পুষ্ট ধানের ওজন গড়ে ১৮.২ গ্রাম। চালের আকার মাঝারি চিকন ও রং সাদা। এ ধানের চালে অ্যামাইলোজ ও প্রোটিনের পরিমাণ যথাক্রমে শতকরা ২৬.৩ ও ৮.৯ ভাগ এবং ভাত ঝরঝরে।

উল্লেখ্য, বীজ প্রত্যয়ন এজেন্সীর কন্ট্রোল ফার্মে প্রস্তাবিত জাতের পর পর দুই বছর DUS (Distinctness, Uniformity and Stability) পরীক্ষায় প্রস্তাবিত জাত এবং চেক জাত ব্রি ধান৯২ এর মধ্যে ১১টি বৈশিষ্ট্যে স্বাতন্ত্র্য পাওয়া গিয়েছে। বৈশিষ্ট্যগুলো হচ্ছে- ৩। Penultimate leaf: pubescence of blade, ৮। Time of heading (50% of plants with heads), ১৪। Culm diameter, ২০। Panicle: curvature of main axis, ২১। Panicle: number of effective tillers in plant, ২৮। Panicle: exertion, ২৯। Time of maturity, ৩১। Grain: length (without dehulling), ৩২। Spikelet: Sterile lemma length, ৩৩। Decorticated grain: length (After dehulling, before milling) এবং ৩৪। Leaf senescence।

প্রস্তাবিত বোরো ধানের উক্ত জাতটি ২০২৪-২৫ রবি মৌসুমে ১০টি অঞ্চলে অনফার্ম ৬টি (সদর, যশোর; সদর, ফেনী; দেবিদ্বার, কুমিল্লা; সদর, বগুড়া; পবা, রাজশাহী ও সদর, দিনাজপুর) এবং অনস্টেশন ৪টি (ব্রি, গাজীপুর; ব্রি, বরিশাল; ব্রি, ফরিদপুর ও ব্রি, রংপুর) সহ মোট ১০টি স্থানে VCU (Value for Cultivation and Use) টেস্ট/ ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ১০টি স্থানের মধ্যে ৬টি স্থানে যথা ব্রি, গাজীপুর (২৯.৭৬%); ব্রি, বরিশাল (১২.২৫%); সদর, যশোর (৩৪.০%) সদর, ফেনী; (২৩.৯৭%) পবা, রাজশাহী (১০.৯৭%) ও সদর, দিনাজপুর (১৬.৮০%) প্রস্তাবিত জাতটিতে চেক জাতের চেয়ে ১০% বেশী ফলন পাওয়া গিয়েছে এবং ব্রি, ফরিদপুর (৩.৬৪%); ব্রি, রংপুর (-৪.৯৪%); সদর, বগুড়া (৬.৪৮%) ও দেবিদ্বার, কুমিল্লা (৪.৫৭%) তে প্রস্তাবিত জাতটিতে চেক জাতের চেয়ে ১০% এর কম ফলন পাওয়া গিয়েছে। মূল্যায়ন ফলাফল অনুযায়ী প্রস্তাবিত জাতটির গড় ফলন ৮.৫৯ টন/হেক্টর ও চেক জাত ব্রি ধান৯২ এর গড় ফলন ৭.৬১ টন/হেক্টর। প্রস্তাবিত জাত ও চেক জাত উভয়ের জীবনকাল ১৫০দিন। বিভিন্ন অঞ্চলে রোগবালাই এর আক্রমণ পর্যালোচনা করে দেখা যায় যে, ব্রি, গাজীপুর, ব্রি, ফরিদপুর ও সদর, যশোর এ ব্যাকটেরিয়াল ব্লাইট স্কোর- ৫ পাওয়া গিয়েছে। এছাড়া পোকামাকড়ের আক্রমণ সহনীয় পর্যায়ে রয়েছে।

পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর এবং সদস্য সচিব, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি সংশ্লিষ্ট ব্রিডারকে প্রস্তাবিত জাত সম্পর্কে সংক্ষেপে তথ্য উপস্থাপন করার অনুরোধ করেন।

ব্রিডার বলেন, প্রস্তাবিত ব্রি ধান১১৬ দীর্ঘমেয়াদী উচ্চ ফলনশীল জাত। দীর্ঘদিনের প্রচেষ্টা ছিল বিদ্যমান ব্রি ধান ২৯ এবং ব্রি ধান ৯২ এর parallel জাত উদ্ভাবন করার। ব্রি ধান২৯ এর সাথে HUA565 এর সংকরায়ণের পর সিঙ্গেল সীড ডিসেন্ট ভিত্তিক রেপিড জেনারেশন এডভান্সমেন্ট পদ্ধতির মাধ্যমে Forward Breeding প্রক্রিয়ায় উদ্ভাবন করা হয়েছে।

জনাব মিজানুর রহমান, পরিচালক (আরএন্ডডি ও অপারেশন), এসিআই বলেন, সাধারনত কৃষকের মাঠে ১৫ x ২০ সে.মি. spacing এ চাষ করা হয়। প্রস্তাবিত জাতটিতে ২০ x ২০ সে.মি. spacing দেয়া হয়েছে। ১৫ x ২০ সে.মি. spacing এ plant population এর সংখ্যা হয় ৩লক্ষ ৩৩ হাজার । ২০ x ২০ সে.মি. spacing এ plant population এর সংখ্যা হয় ২ লক্ষ ৫০ হাজার। তিনি জানতে চান এটা কি ব্রিডারের নিজস্ব ডাটা না কি এসসিএর ট্রায়াল থেকে প্রাপ্ত তথ্য।

ব্রিডার বলেন, যেকোন দীর্ঘমেয়াদী জাতের ক্ষেত্রে spacing বেশি দিতে হয় tillering বাড়ানোর জন্য, না হলে বুশি হয়ে যায়। এসসিএ এর সাথে পরামর্শ করে VCU ট্রায়ালে spacing ২০ × ২০ সে.মি. দেয়া হয়েছে।

জনাব মো: মনিরুল ইসলাম, অতিরিক্ত পরিচালক, ক্রপস উইং, ডিএই বলেন, গাজীপুর, যশোর, চট্টগ্রামে ফলন কাছাকাছি অন্য স্থানে ফলন কম।

ব্রিডার বলেন, যে কোন জাতের ফলন ৩টি বিষয় (management, genetic potential এবং environmental factor) এর উপর নির্ভর করে।

জনাব শাহজাহান আলী, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট, বাংলাদেশ সোসাইটি অব সীড টেকনোলজি বলেন, ২০১৯ সালে ছাড়করণের সময় ব্রি ধান৯২ এর গড় ফলন ছিল ৮.৪ টন কিন্তু বর্তমানে ব্রি ধান৯২ এর গড় ফলন দেখা যায় ৭.৬১ টন। তিনি বর্তমানে ব্রিধান ৯২ এর yield potential কমে যাওয়ার কারন জানতে চান।

ড. খন্দকার মো: ইফতেখারুদ্দৌলা, সিএসও এবং প্রধান, ব্রি, গাজীপুর বলেন, VCU ট্রায়ালে যে স্থানে ফলন বেশি হয় সেটাকে ঐ জাতটির yield potential বলা হয়। Multi Location Trial এ number of location determination এর নির্দিষ্ট পদ্ধতি আছে যাকে বলে Rector Spector analysis। Proposed Variety Trial এ ৫বছরের replicated data থাকে তা থেকে খুব সহজেই excel এ variance component measure করা যায়। আধুনিক ধানের চাষে ব্রি ধান৯২ এর ফলন ৮.৪ টন উল্লেখ করা আছে। এ ক্ষেত্রে ব্রি ধান৯২ জাতটি যে বছর ছাড়করন করা হয়েছে সে বছরের VCU test এ প্রাপ্ত গড় ফলন দেয়া হয়েছে। Grain yield এর ক্ষেত্রে genotype, management এবং environment এর interaction হয়। জাত ছাড়করনের নীতিমালা অনুসারে প্রস্তাবিত জাতটি ৬টি স্থানে ১০% ফলন বেশি হয়েছে এবং যে স্থানে yield advantage নেগেটিভ হয়েছে সেটার valid explanation আছে। সেহেতু জাতটি ছাড়করণ করা যেতে পারে।

জনাব এ এইচ এম হুমায়ুন কবির, ম্যানেজিং ডিরেক্টর, সুপ্রীম সীড কোং লি. বলেন, দীর্ঘ জীবনকাল সম্পন্ন জাত চাষে কৃষকদের অনীহা দেখা যায়। এ বিষয়টি বিবেচনা করা যেতে পারে।

ড. খন্দকার মো: ইফতেখারুদ্দৌলা, সিএসও এবং প্রধান, ব্রি, গাজীপুর বলেন, এক ফসল চাষের এলাকায় জীবনকাল ম্যাটার করে না, সেখানে ফলন ম্যাটার করে।

জনাব আবদুল বাসেদ ব্যাপারী, চেয়ারম্যান, মাসুদ সীড কোং, বলেন, ব্রি কর্তৃক অনেক জাত ছাড়করণ হয়েছে। কিন্তু মাঠে সকল জাত sustain করেনি। মাঠে sustain করে এমন জাতগুলো ছাড়করণ করা দরকার, তাহলেই কৃষক উপকৃত হবে।

জনাব মাহবুব আনাম, ম্যানেজিং ডিরেক্টর, লাল তীর বলেন, এখনো মাঠে ব্রি ধান২৮ ও ব্রি ধান২৯ এর সমকক্ষ জাত নেই। আমাদের sustainable mega variety দরকার, যাতে কৃষকরা লাভবান হয়।

ব্রিডার বলেন, বরিশাল, সাতক্ষীরাতে জীবনকাল কম হয়, তাপমাত্রা কম হওয়ার কারণে দিনাজপুরে জীবনকাল বেশি হয়। দেশের ১৮% এরিয়া দীর্ঘ জীবনকালসম্পন্ন জাতের জন্য উপযুক্ত। দীর্ঘ জীবনকালের জন্য নয় বরং গুণগত মানের জন্য ব্রি ধান৯২ কৃষকের কাছে গ্রহণযোগ্যতা পায়নি।

ড. মো: রফিকুল ইসলাম, পরিচালক (গবেষণা), ব্রি বলেন, প্রতিটি জাতই বিভিন্ন এলাকায় potential, প্রস্তাবিত জাতটির elongation ratio ভালো।

জনাব মো: রওশন আলম, অতিরিক্ত পরিচালক (উপকরণ), সরেজমিন উইং, ডিএই বলেন, প্রস্তাবিত জাতটি অঞ্চলভিত্তিক সুপারিশ করা যেতে পারে।

**সিদ্ধান্ত: ইনব্রেড ধানের জাত মূল্যায়ন এবং ছাড়করণ পদ্ধতি, ২০২৫ অনুসারে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) কর্তৃক প্রস্তাবিত বোরো ইনব্রেড ধানের কৌলিক সারি BR11318-5R-84 ব্রি ধান১১৬ হিসেবে ছাড়করণের জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হল।**

**আলোচ্য বিষয় ৪: বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) কর্তৃক প্রস্তাবিত ০১(এক)টি লবনাক্ততা সহনশীল বোরো ইনব্রেড ধানের জাত ছাড়করণ।**

**BR11712-4R-44 (ব্রি ধান১১৭):** ব্রি ধান১১৭ এর কৌলিক সারি নং- BR11712-4R-44। এই কৌলিক সারিটি CN-6 এবং ব্রি ধান৬৭ এর সংকরায়নের মাধ্যমে উদ্ভাবিত। ২০১৫-১৬ সালে সংকরায়ন সম্পন্ন করার পর Modified Field RGA পদ্ধতিতে দ্রুত জেনারেশন অগ্রসর (advance) করে Forward breeding এবং Marker-assisted selection এর মাধ্যমে জেনেটিক্যালি ফিক্সড লাইন তৈরি করার পর প্রচলিত প্রজনন পদ্ধতিতে সাতক্ষীরার লবণাক্ত অঞ্চলে ও দেশের বিভিন্ন অঞ্চলের অলবণাক্ত অনুকূল

পরিবেশে সুনির্দিষ্ট এবং পর্যায়ক্রমিক Yield evaluation trial এর মাধ্যমে চূড়ান্ত কৌলিক সারি নির্বাচন করা হয়। ২০২৪-২৫ সালে কৌলিক সারিটি বীজ প্রত্যয়ন এজেন্সীর তত্ত্বাবধানে বাংলাদেশের ১০ (দশ)টি স্থানে মাঠ মূল্যায়ন করা হয়।

উল্লেখ্য, বীজ প্রত্যয়ন এজেন্সীর কন্ট্রোল ফার্মে প্রস্তাবিত জাতের পর পর দুই বছর DUS (Distinctness, Uniformity and Stability) পরীক্ষায় প্রস্তাবিত জাত এবং চেক জাত ব্রি ধান৬৭ এর মধ্যে ১০টি বৈশিষ্ট্যে স্বাতন্ত্র্যতা পাওয়া গিয়েছে। বৈশিষ্ট্যগুলো হচ্ছে- ৩। Penultimate leaf: pubescence of blade, ৭। Flag leaf: attitude of blade, ৮। Time of heading (50% of plants with heads), ১৪। Culm diameter, ২১। Panicle: number of effective tillers in plant, ২৮। Panicle: exertion, ৩৫। Decorticated grain: shape (Length-breadth ratio, ৩৬। Decorticated, unpolished grain: color, ৩৭। Polished grain: size of white core or chalkiness এবং ৩৮। Endosperm: content of amylose।

উক্ত বোরো ধানের জাতটি ২০২৪-২৫ রবি মৌসুমে ৩টি অঞ্চলে অনফার্ম ৬টি (কালিগঞ্জ ও দেবহাটা, সাতক্ষীরা; সদর, ফেনী; সদর, পিরোজপুর; কলাপাড়া, পটুয়াখালি ও সদর, বরগুনা) এবং অনস্টেশন ৪টি (ব্রি, সাতক্ষীরা; ব্রি, ফেনী; বিএডিসি, নোয়াখালি ও ব্রি, বরিশাল) সহ মোট ১০টি স্থানে ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ১০টি স্থানের মধ্যে ৯টি স্থানে যথা ব্রি, ফেনী (৩০.৯৮%); বিএডিসি, নোয়াখালি (২০.০%); ব্রি, বরিশাল (১৪.৩৬%); কালিগঞ্জ, সাতক্ষীরা (১০.৪৫%); দেবহাটা, সাতক্ষীরা (৩৫.৩০%); সদর, ফেনী (৩২.৪২%); সদর, পিরোজপুর (১৩.৬১%); কলাপাড়া, পটুয়াখালি (১৭.৬৯%) ও সদর, বরগুনা (১১.৫৩%) প্রস্তাবিত জাতটিতে চেকজাতের চেয়ে ফলন ১০% এর বেশি পাওয়া গিয়েছে এবং ১টি স্থানে যথা ব্রি, সাতক্ষীরা (৩.১৯%) প্রস্তাবিত জাতটিতে চেক জাতের চেয়ে ফলন ১০% এর কম পাওয়া গিয়েছে। মূল্যায়ন ফলাফল অনুযায়ী প্রস্তাবিত জাতটির গড় ফলন ৮.৬০ টন/হেক্টর ও চেক জাত ব্রি ধান৬৭ এর গড় ফলন ৭.২৮ টন/হেক্টর। প্রস্তাবিত জাতের জীবনকাল ১২৯দিন ও চেক জাতের জীবনকাল ১২৫ দিন। বিভিন্ন অঞ্চলে রোগবালাই এর আক্রমণ পর্যালোচনা করে দেখা যায় যে, উক্ত জাতটিতে দেবহাটা, সাতক্ষীরায় ব্যাকটেরিয়াল ব্লাইট স্কোর- ৫ পাওয়া গিয়েছে এবং পোকামাকড়ের আক্রমণ সহনীয় পর্যায়ে রয়েছে।

পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর এবং সদস্য সচিব, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি সংশ্লিষ্ট ব্রিডারকে প্রস্তাবিত জাত সম্পর্কে সংক্ষেপে তথ্য উপস্থাপন করার অনুরোধ করেন।

প্রস্তাবিত জাত সম্পর্কে সংশ্লিষ্ট ব্রিডার বলেন, Modern breeding tools ব্যবহার করে ৭ বছরে প্রস্তাবিত জাতটি উদ্ভাবন করা হয়েছে। প্রস্তাবিত ব্রি ধান১১৭ জাতটিতে আধুনিক উফশী ধানের সকল বৈশিষ্ট্য বিদ্যমান যা বোরো মৌসুমের উপযুক্ত লবণাক্ততা সহনশীল ধানের জাত, ডিগপাতা প্রচলিত ব্রি ধান৬৭ এর চেয়ে খাড়া, লবণাক্ততার মাত্রাভেদে হেক্টর প্রতি ৭.৮৫-৯.৯০ টন ফলন দিতে সক্ষম। ফলন ব্রি ধান৬৭ এবং ব্রি ধান৮৯ এর থেকে যথাক্রমে গড়ে ১.৩২ এবং ১.৭৭ টন/হেক্টর বেশী। এ জাতের জীবনকাল ১২৯ দিন ও গাছের উচ্চতা ১১০ সে.মি.। গাছের কান্ড মজবুত এবং ঢলেপড়া প্রতিরোধী (Lodging tolerant) । এ ধানের শীষে পুষ্ট দানার সংখ্যা গড়ে ২৭০টি, যা ব্রি ধান৬৭ এর থেকে ৮০-৯০টি বেশি। চাল মাঝারি চিকন, সাদা এবং ভাত ঝরঝরে।

তিনি আরো বলেন, প্রস্তাবিত ব্রি ধান১১৭ এর প্রধান বৈশিষ্ট্য হলো চারা অবস্থায় (Seedling Stage) ১২-১৪ ডিএস/মি. (৩ সপ্তাহ পর্যন্ত) এবং প্রজনন পর্যায়ে (Reproductive Stage) ১০ ডিএস/মি. মাত্রার লবণাক্ততা সহ্য করতে পারে। ফলশ্রুতিতে, প্রস্তাবিত জাতটি লবণাক্ততা সংবেদনশীল সকল ধাপে (Salt-sensitive stages) অর্থাৎ সমগ্র জীবনকালে (Whole life cycle) ১০ ডিএস/মি. মাত্রার লবণাক্ততা সহ্য করেও ফলন দিতে সক্ষম। এ জাতটির শীষ থেকে ধান সহজে ঝরে পড়ে না। এছাড়া ব্রি ধান১১৭ মাঠ পর্যায়ে প্রচলিত জাতের তুলনায় ধানের ব্লাস্ট রোগ প্রতিরোধ ক্ষমতা প্রদর্শন করেছে। প্রস্তাবিত জাতটিতে লবণাক্ততা সহনশীলতার জন্য দায়ী প্রচলিত লবণাক্ততা সহনশীল লোকাস (Quantitative Trait Locus) যেমন- qSES1-2_2, qSES1-2_3, qSES1-2_4 নেই, তথাপি, ল্যাব এবং মাঠ পর্যায়ে এ জাতটির লবণাক্ততা সহ্য করার ক্ষমতা থেকে প্রতীয়মান হয় যে, এতে অভিনব/ নতুন (Novel) লবণাক্ততা সহনশীল QTL থাকতে পারে। Southern Coastal belt এ স্বল্প জীবনকালসম্পন্ন জাতের খুবই প্রয়োজন যা লবণাক্ততা সহনশীল হবে। জাতটির গড় জীবনকাল ১৩০-১৩৫ দিন সত্ত্বেও বাংলাদেশে বিদ্যমান সকল লবণাক্ততা সহনশীল জাত থেকে উক্ত জাতটি অধিক ফলনশীল। Blast সংবেদনশীলতা লবণাক্ত অঞ্চলে একটি বিশেষ সমস্যা, pathological report অনুযায়ী প্রস্তাবিত জাতটিতে blast এর কোন symptom দেখা যায়নি। Adaptive Research Trial লবণাক্ত অঞ্চলসহ দেশের

১০টি স্থানে করা হয়েছে। লবণাক্ত অঞ্চলে প্রতিটি Trial এর প্রেক্ষিতে কৃষকের feedback নেয়া হয়। কৃষকের feedback এর ভিত্তিতে Adaptive Research Division প্রস্তাবিত জাতটি নির্বাচন করেছে।

ড. মো: হোসেন আলী, পরিচালক (গবেষণা), বিনা উল্লেখিত salinity data water salinity নাকি soil salinity এর তথ্য জানতে চান। তিনি আরো বলেন, Water salinity এবং soil salinity data differ করে। চেক জাতের ফলন দেবহাটাতে কম, সাতক্ষীরাতে বেশি কেন? বিনা ধান১০ লবনাক্তুতা সহনশীল জাত, জীবনকালের কোন stage এ প্রস্তাবিত জাতটি বিনা ধান১০ এর সাথে compare করা হয়েছে কি না?

ব্রিডার বলেন, root zone এ salinity measure করা হয়েছে। এখানে water salinity এর data ব্যবহৃত হয়েছে। ব্রি'র নিজস্ব ট্রায়ালে বিনা ধান১০ চেক জাত হিসেবে ব্যবহৃত হয়। Stem borer আক্রমনের এর জন্য দেবহাটাতে ফলন কম হয়েছে।

ড. মো: আতাউর রহমান, পরিচালক (গবেষণা), বিএসআরআই বলেন, বিএসআরআই আখ৪১ লবণাক্ততা সহনশীল জাত হওয়ায় আখের রসের ভিতর নোনতা স্বাদ পাওয়া যায়, প্রস্তাবিত জাতের চালের ভাতে নোনতা স্বাদ পাওয়া যায় কি না।

ড. খন্দকার মো: ইফতেখারুদ্দৌলা, সিএসও এবং প্রধান, ব্রি, গাজীপুর বলেন, লবণ ধানের grain এ accumulate করে না। ব্রি কর্তৃক এ পর্যন্ত ১৩টি লবণাক্ততা সহনশীল জাত উদ্ভাবিত হয়েছে। উক্ত জাতগুলোর চালের ভাতে নোনতা স্বাদ পাওয়া যায়নি। ফলে এ ধরণের টেস্টের প্রয়োজনীয়তা নেই।

জনাব আজিজুল হক, ব্র্যাক বলেন, অনেকদিন যাবত ব্রি ধান২৮ এর বিকল্প খোঁজা হচ্ছে। প্রস্তাবিত জাতটির grain quality ব্রি ধান২৮ এর মতো। Saline area তে প্রস্তাবিত জাতটির ফলন ভালো, non saline areaতেও প্রস্তাবিত জাতটির ফলন ভালো হবে। সবদিক বিবেচনা করে জাতটি সুপারিশ করা যেতে পারে।

ড. মো: আকতার হোসেন খান, প্রধান বীজতত্ত্ববিদ, কৃষি মন্ত্রণালয় বলেন, এ পর্যন্ত ছাড়কৃত লবণাক্ততা জাতগুলোর তুলনায় প্রস্তাবিত জাতটি সর্বোত্তম। সেহেতু জাতটি ছাড়করণ করা যেতে পারে।

ড. নাজমুন নাহার করিম, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি এবং সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি বলেন, বীজ প্রত্যয়ন এজেন্সী জাত ছাড়করণের উদ্দেশ্যে যখন কোন ট্রায়াল করবে, প্রস্তাবিত জাতের যে বৈশিষ্ট্যের জন্য ট্রায়াল করবে সে অনুযায়ী স্থান নির্বাচন করতে হবে।

**সিদ্ধান্ত: ইনব্রেড ধানের জাত মূল্যায়ন এবং ছাড়করণ পদ্ধতি, ২০২৫ অনুসারে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) কর্তৃক প্রস্তাবিত ০১(এক)টি লবনাক্তুতা সহনশীল বোরো ইনব্রেড ধানের কৌলিক সারি BR11712-4R-44 ব্রি ধান১১৭ হিসেবে ছাড়করণের জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হলো।**

**আলোচ্য বিষয় ৫: বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) কর্তৃক প্রস্তাবিত ০১(এক)টি হাওর অঞ্চলের উপযোগী প্রজনন পর্যায়ে ঠান্ডা সহনশীল বোরো ইনব্রেড ধানের জাত ছাড়করণ।**

**BR11894-R-R-R-R-169 (ব্রি ধান১১৮):** ব্রি ধান১১৮ জাতটি বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) কর্তৃক ২০১৪ সালে ব্রি ধান২৮ এর সাথে ভুটান নামক ভুটানি ঠান্ডা সহিষ্ণু ধানের সংকরায়নের পর সিঙ্গেল সিড ডিসেন্ট ভিত্তিক রেপিড জেনারেশন এডভান্সমেন্ট পদ্ধতির মাধ্যমে Forward Breeding প্রক্রিয়ায় উদ্ভাবন করা হয়েছে। প্রস্তাবিত জাতটির কৌলিক সারির নাম বিআর১১৮৯৪-আর-আর-আর-আর১৬৯। ব্রি, গাজীপুর ও ব্রি, আঞ্চলিক কার্যালয়, হবিগঞ্জ এবং কিশোরগঞ্জ, হবিগঞ্জ ও সুনামগঞ্জের বিভিন্ন হাওরের ৩টি স্থানে কৃষকের মাঠে নির্বাচিত কৌলিক সারিটি পর পর ২(দুই) বৎসর ফলন পরীক্ষার পর বোরো ২০২২-২৩ মৌসুমে ব্রি, গাজীপুর এবং কিশোরগঞ্জ, হবিগঞ্জ ও সুনামগঞ্জের বিভিন্ন হাওরের ১০টি স্থানে কৃষকের মাঠে আঞ্চলিক উপযোগিতা পরীক্ষা করা হয়।

উল্লেখ্য, বীজ প্রত্যয়ন এজেন্সীর কন্ট্রোল ফার্মে প্রস্তাবিত জাতের পর পর দুই বছর DUS (Distinctness, Uniformity and Stability) পরীক্ষায় প্রস্তাবিত জাত এবং চেক জাত ব্রি ধান২৮ এর মধ্যে ৫টি বৈশিষ্ট্যে স্বাতন্ত্র্যতা পাওয়া গিয়েছে। বৈশিষ্ট্যগুলো

হচ্ছে- ৭। Flag leaf: attitude of blade, ২১। Panicle: number of effective tillers in plant, ২৮। Panicle: exertion, ৩৩। Decorticated grain: length (After dehulling, before milling) এবং ৩৬। Decorticated, unpolished grain: color। (পরিশিষ্ট 'ঘ' দ্রষ্টব্য)

প্রস্তাবিত বোরো ধানের উক্ত জাতটি ২০২৪-২৫ রবি মৌসুমে ৩টি অঞ্চলে অনফার্ম ৮টি (বানিয়াচং ও আজমেরিগঞ্জ, হবিগঞ্জ; তাহিরপুর ও দোয়ারাবাজার, সুনামগঞ্জ; নাসিরনগর ও সরাইল, ব্রাহ্মণবাড়িয়া; খালিয়াজুড়ি, নেত্রকোণা ও নিকলি, কিশোরগঞ্জ) এবং অনস্টেশন ২টি (ব্রি, হবিগঞ্জ ও বিনা, সুনামগঞ্জ) সহ মোট ১০টি স্থানে ট্রায়াল (Value for Cultivation and Use, VCU) বাস্তবায়ন করা হয়। ১০টি স্থানের মধ্যে ৪টি স্থানে যথা- ব্রি, হবিগঞ্জ (১০.২৫%), বানিয়াচং, হবিগঞ্জ (১১.৩২%); তাহিরপুর, সুনামগঞ্জ (১২.৩৭%) ও খালিয়াজুড়ি, নেত্রকোণা (১২.২৯%) প্রস্তাবিত জাতটিতে চেক জাতের চেয়ে ফলন ১০% এর বেশি পাওয়া গিয়েছে এবং ৬টি স্থানে যথা- আজমেরিগঞ্জ, হবিগঞ্জ (৪.৮৭%); বিনা, সুনামগঞ্জ (-৭.১০%); দোয়ারাবাজার, সুনামগঞ্জ (০.৩৯%); নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া (৮.১৭%); সরাইল, ব্রাহ্মণবাড়িয়া (৮.৪৩%) ও নিকলি, কিশোরগঞ্জ (৩.৪২%) প্রস্তাবিত জাতটিতে চেক জাতের চেয়ে ফলন ১০% এর কম পাওয়া গিয়েছে। মূল্যায়ন ফলাফল অনুযায়ী প্রস্তাবিত জাতটির গড় ফলন ৬.৭৭ টন/হেক্টর ও চেক জাত ব্রি ধান৬৭ এর গড় ফলন ৬.৪১ টন/হেক্টর। প্রস্তাবিত জাতের জীবনকাল ১৩৭দিন ও চেক জাতের জীবনকাল ১৩৬দিন। বিভিন্ন অঞ্চলে রোগবালাই এর আক্রমণ পর্যালোচনা করে দেখা যায় যে, বানিয়াচং, হবিগঞ্জ ও নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়াতে নেক ব্লাস্ট স্কোর- ৩ এবং সরাইল, ব্রাহ্মণবাড়িয়াতে ব্যাকটেরিয়াল ব্লাইট স্কোর- ৫ পাওয়া গিয়েছে। এছাড়া পোকামাকড়ের আক্রমণ সহনীয় পর্যায়ে রয়েছে।

পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর এবং সদস্য সচিব, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি সংশ্লিষ্ট ব্রিডারকে প্রস্তাবিত জাত সম্পর্কে সংক্ষেপে উপস্থাপন করার অনুরোধ করেন।

প্রস্তাবিত জাত সম্পর্কে সংশ্লিষ্ট ব্রিডার বলেন, প্রস্তাবিত জাতটিতে আধুনিক উফশী ধানের সকল বৈশিষ্ট্য বিদ্যমান। ডিগপাতা আধা-খাড়া, প্রশস্ত ও লম্বা এবং ধান পাকলেও সবুজ থাকে। পূর্ণ বয়স্ক গাছের গড় উচ্চতা ১০০ সে.মি.। জাতটির গড় জীবনকাল ১৩৬ দিন। ১০০০টি পুষ্ট ধানের ওজন গড়ে ২২.৭ গ্রাম। চালের আকার মাঝারি মোটা ও রং সাদা। এ ধানের চালে অ্যামাইলোজ ও প্রোটিনের পরিমাণ যথাক্রমে শতকরা ২৮.৩ ও ৯.১ ভাগ এবং ভাত ঝরঝরে। জাতটি প্রজনন পর্যায়ে ঠান্ডা সহনশীল এবং হাওর অঞ্চলে চাষের উপযোগী। হাওরে আকস্মিক বন্যায় আধাপাকা থেকে পাকা ধান ডুবে নষ্ট হওয়ার ঝুঁকি এড়ানোর জন্য এ জাতটি আগাম (২৫ অক্টোবর থেকে ১ নভেম্বর) বপন করলে প্রজনন পর্যায়ে গড় তাপমাত্রা ২০ ডিগ্রি সেলসিয়াস নীচে থাকার পরও প্রায় ৬.০ টন/হেক্টর এবং স্বাভাবিক সময়ে (১৫-২০ নভেম্বর) বপন করলে ১৪৫ দিনে ৬.৯ টন/হেক্টর পর্যন্ত ফলন দিতে সক্ষম। এ ধানের গুণগত মান ভাল অর্থাৎ চালের আকার মাঝারি মোটা। গাছ শক্ত ও মজবুত বিধায় সহজে হেলে পড়ে না। ধান পাকলেও ডিগপাতা সবুজ থাকে। এ জাতের গড় ফলন হেক্টরে ৬.৭৭ টন। উপযুক্ত পরিবেশে সঠিক ব্যবস্থাপনা করলে এ জাতটি হেক্টরে ৮.৫ টন পর্যন্ত ফলন দিতে সক্ষম।

তিনি আরো বলেন, North Eastern district গুলোতে ৩৭৩ টি হাওর রয়েছে যার আয়তন ০.৮-০.৮৬ মিলিয়ন হেক্টর। এর মধ্যে ০.৬৮ মিলিয়ন হেক্টর চাষযোগ্য জমি রয়েছে। যার মধ্যে ৮০% এরিয়াতে বোরো ধানের চাষ হয়, ১০% এরিয়াতে আমন ধানের চাষ হয় এবং এই এরিয়া থেকে মোট উৎপাদনের ১৬% ফলন আসে। তিনি আরও বলেন, স্বল্প জীবনকাল সম্পন্ন ধানের জাত আবাদ করতে গিয়ে কৃষক সমস্যার সম্মুখীন হয়। এসব এলাকায় ripening stage এ flash flood হয়। Flash flood থেকে ফসল বাঁচানোর জন্য আগাম চাষ করলে cold injury হয়। বিদ্যমান জাতগুলোর জীবনকাল ১৪০-১৬০ দিন। নভেম্বরের মাঝামাঝি সময় থেকে বপন শুরু করে। ফলে ফসল কর্তনের সময় flash flood এর কারণে ক্ষতিগ্রস্থ হয়। যদি আগাম চাষ করা হয় তাহলে cold stress এর জন্য reproductive stage এ তাপমাত্রা কম হওয়ার কারণে ধান চিটা হয়। এ সকল দিক বিবেচনা করে হাওড় অঞ্চলের জন্য cold stress tolerant স্বল্প জীবনকাল সম্পন্ন জাত উদ্ভাবন করা হয়েছে।

জনাব মো: আবীর হোসেন, জেনারেল ম্যানেজার (বীজ), বিএডিসি হাওড় এলাকার উপযোগী জাত উদ্ভাবনের জন্য ব্রি-কে ধন্যবাদ জানান।

জনাব মিজানুর রহমান, পরিচালক (আরএন্ডডি ও অপারেশন), এসিআই জানতে চান, স্বল্প জীবনকালের জন্য চারার বয়স বেশি হলে ফলনে এর প্রভাব পড়বে কিনা।

ব্রিডার বলেন, আমাদের টার্গেট নিচু জমি, ফ্লাশ ফ্লাড এরিয়া । চারার বয়স বেশি হলে ফলন কম হবে।

জনাব আবদুল বাসেদ ব্যাপারী, চেয়ারম্যান, মাসুদ সীড কোম্পানী বলেন, স্বল্প জীবনকালসম্পন্ন জাত হাওড় এলাকার জন্য অনুমোদন দেয়া যেতে পারে।

**সিদ্ধান্ত: ইনব্রেড ধানের জাত মূল্যায়ন এবং ছাড়করণ পদ্ধতি, ২০২৫ অনুসারে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) কর্তৃক প্রস্তাবিত ০১(এক)টি হাওর অঞ্চলের উপযোগী প্রজনন পর্যায়ে ঠান্ডা সহনশীল ধানের কৌলিক সারি BR11894-R-R-R-R-169 (ব্রি ধান১১৮) হিসেবে ছাড়করণের জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হলো।**

**আলোচ্য বিষয় ৬: বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা) কর্তৃক প্রস্তাবিত ০১(এক)টি সুগন্ধী বোরো ইনব্রেড ধানের জাত ছাড়করণ।**

**BINA-BR-4-10-12 (বিনা ধান২৮):** প্রস্তাবিত বিনা ধান২৮এর কৌলিক সারি নং BINA-BR-4-10-12। প্রথমে ২০১৬ সালে বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউটে, উদ্ভিদ প্রজনন বিভাগের গবেষণা মাঠে বিনা ধান১৭ (কৌলিক সারি নং SAGC-7) এবং মালয়েশিয়ার লোকাল জাত Pongsu Seribu-2 এর সাথে সংকরায়ন ঘটিয়ে তিন বার ব্যাকক্রসিং করে Marker-Assisted Backcrossing অর্থাৎ MABC এর মাধ্যমে Stable হোমোজাইগাস সারি নির্বাচন করে উদ্ভাবন করা হয়। উক্ত কৌলিক সারিটি বিনা'র গবেষণা মাঠে পরীক্ষা নিরীক্ষা শেষে বিনা'র উপকেন্দ্র সমূহের মাঠে ও কৃষকের মাঠে এবং পরবর্তীতে বাংলাদেশের বিভিন্ন এলাকায় কৃষকের মাঠে ট্রায়াল করা হয়।

উল্লেখ্য, বীজ প্রত্যয়ন এজেন্সীর কন্ট্রোল ফার্মে প্রস্তাবিত জাতের পর পর দুই বছর DUS (Distinctness, Uniformity and Stability) পরীক্ষায় প্রস্তাবিত জাত এবং চেক জাত ব্রি ধান৫০ এর মধ্যে ১৩টি বৈশিষ্ট্যে স্বাতন্ত্র্যতা পাওয়া গিয়েছে। বৈশিষ্ট্যগুলো হচ্ছে- ২। Leaf color, ৭। Flag leaf: attitude of blade, ৮। Time of heading (50% of plants with heads), ১৪। Culm diameter, ১৫। Culm: Length, ২৮। Panicle: exertion, ২৯। Time of maturity, ৩০। Grain: wt of 1000 fully developed grains (at 12%), ৩১। Grain: length (without dehulling), ৩২। Spikelet: Sterile lemma length, ৩৩। Decorticated grain: length (After dehulling, before milling), ৩৭। Polished grain: size of white core or chalkiness এবং ৩৯। Decorticated grain: aroma। (পরিশিষ্ট 'চ' দ্রষ্টব্য)

প্রস্তাবিত বোরো ধানের উক্ত জাতটি ২০২৪-২৫ রবি মৌসুমে ১০টি অঞ্চলে অনফার্ম ৬টি (সদর, যশোর; সদর, ফেনী; দেবিদ্বার, কুমিল্লা; সদর, বগুড়া; পবা, রাজশাহী ও সদর, দিনাজপুর) এবং অনস্টেশন ৪টি (ব্রি, গাজীপুর; বিনা, ময়মনসিংহ; ব্রি, ফরিদপুর ও ব্রি, রংপুর) সহ মোট ১০টি স্থানে VCU (Value for Cultivation and Use) টেস্ট/ ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ১০টি স্থানের মধ্যে ১০টি স্থানেই যথা ব্রি, গাজীপুর (২৫.৭৮%); বিনা, ময়মনসিংহ (৪৭.৫৯%); ব্রি, ফরিদপুর (২৯.৭৮%); ব্রি, রংপুর (১৯.৯৪%), সদর, যশোর (১৭.৩৪%); সদর, ফেনী (৫৫.২৭%); দেবিদ্বার, কুমিল্লা (৮৩.৬৫%); সদর, বগুড়া (১০.৬০%); পবা, রাজশাহী (২৭.৩৬%) এবং সদর, দিনাজপুর (১১.৭২%) প্রস্তাবিত জাতটিতে চেক জাতের চেয়ে ১০% বেশী ফলন পাওয়া গিয়েছে। মূল্যায়ন ফলাফল অনুযায়ী প্রস্তাবিত জাতটির গড় ফলন ৮.৪০ টন/হেক্টর ও চেক জাত ব্রি ধান৫০ এর গড় ফলন ৬.৯২ টন/হেক্টর। প্রস্তাবিত জাতের জীবনকাল ১৫১ দিন ও চেক জাতের জীবনকাল ১৪৫ দিন। বিভিন্ন অঞ্চলে রোগবালাই এর আক্রমণ পর্যালোচনা করে দেখা যায় যে, উক্ত জাতটিতে ব্রি, গাজীপুর ও সদর, বগুড়াতে এ ব্যাকটেরিয়াল ব্লাইট স্কোর- ৫ পাওয়া গিয়েছে। এছাড়া পোকামাকড়ের আক্রমণ সহনীয় পর্যায়ে রয়েছে।

পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর এবং সদস্য সচিব, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি সংশ্লিষ্ট ব্রিডারকে প্রস্তাবিত জাত সম্পর্কে সংক্ষেপে তথ্য উপস্থাপন করার অনুরোধ করেন।

প্রস্তাবিত জাত সম্পর্কে সংশ্লিষ্ট ব্রিডার বলেন, প্রস্তাবিত বিনা ধান২৮ কারিগরি কমিটির ১১৩তম সভায় আমন মৌসুমের জন্য সুপারিশ করা হয়েছে। যেহেতু প্রস্তাবিত জাতটি photo insensitive সেহেতু বোরো মৌসুমের জন্য আবেদন করা হয়েছে।

প্রস্তাবিত জাতটি উচ্চ ফলনশীল, আলোক অসংবেদনশীল ও সুগন্ধীযুক্ত মাঝারী চিকন চাল বিশিষ্ট। ডিগপাতা খাড়া, ধান পরিপক্ক হওয়ার পরও গাছ গাঢ় সবুজ থাকে বিধায় শীষের গোড়ার ধানও পুষ্ট হয়। পূর্ণ বয়স্ক গাছের উচ্চতা ১১০-১১২ সে.মি.। প্রতি গাছে ১২-১৫টি কুশি থাকে, ছড়ার দৈর্ঘ্য গড়ে ২৪.৬২ সে.মি., প্রতি শীষে ২২০-২৫০টি পুষ্ট দানা থাকে। ১০০০টি পুষ্ট ধানের ওজন গড়ে ২৩.৬০

গ্রাম। চালে অ্যামাইলোজের পরিমাণ শতকরা ২৭.৪২ ভাগ এবং ভাত ঝরঝরে। চাল সুগন্ধীযুক্ত মাঝারী চিকন, ভাত সাদা, ঝরঝরে ও খেতে সুস্বাদু ফলে বাজার মূল্য বেশি। চালে জিংক এর পরিমাণ ২৪.৮৩ পিপিএম। উপযুক্ত পরিচর্যায় বোরো মৌসুমে হেক্টর প্রতি গড় ফলন ৮.৫০ টন এবং সর্বোচ্চ ফলন ৯.২৫ টন।

ড. উম্মে সিরাজুম মুনিরা, প্রিন্সিপাল সীড টেকনোলজিস্ট, সুপ্রীম সীড বলেন, কারিগরি কমিটির ১১৩তম সভায় সকল বিষয় বিশ্লেষণপূর্বক আমন মৌসুমের জন্য সুপারিশ করা হয়েছে। যেহেতু আমন ও বোরো উভয় মৌসুমে প্রস্তাবিত জাতটির performance ভালো সেহেতু জাতটি সুপারিশ করা যেতে পারে।

জনাব মো: আবীর হোসেন, জেনারেল ম্যানেজার (বীজ), বিএডিসি প্রস্তাবিত জাতটিতে ব্রি ধান৫০ এর মতো মিলিং এ সমস্যা হবে কিনা এবং রান্নার পর সুগন্ধ থাকবে কিনা তা জানতে চান।

ব্রিডার বলেন, প্রস্তাবিত জাতটিতে ব্রি ধান৫০ এর মতো মিলিং এ সমস্যা হবে না এবং রান্নার পর সুগন্ধ থাকে।

ড. মোহাম্মদ রাশেদ হোসেন, প্রফেসর, জেনেটিক্স ও প্ল্যান্ট ব্রিডিং বিভাগ, বাকৃবি বলেন, প্রস্তাবিত জাতটি জিংকসমৃদ্ধ, আলোক অসংবেদনশীল এবং সুগন্ধীযুক্ত। জাতটি ছাড়করণের জন্য সুপারিশ করা যেতে পারে।

ড. মো: আকতার হোসেন খান, প্রধান বীজতত্ত্ববিদ, কৃষি মন্ত্রণালয় বলেন, বাংলাদেশে টেবিল রাইস হিসেবে সুগন্ধী চালের ভাতের চাহিদা রয়েছে। জাতটি জিংক সমৃদ্ধ, আলোক অসংবেদনশীল এবং সুগন্ধীযুক্ত। সকল দিক বিবেচনা করে জাতটি ছাড় করা যেতে পারে।

**সিদ্ধান্ত: ইনব্রেড ধানের জাত মূল্যায়ন এবং ছাড়করণ পদ্ধতি, ২০২৫ অনুসারে বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা) কর্তৃক প্রস্তাবিত ০১(এক)টি সুগন্ধী বোরো ইনব্রেড ধানের কৌলিক সারি BINA-BR-4-10-12 (বিনা ধান২৮) হিসেবে ছাড়করণের জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হলো।**

**আলোচ্য বিষয় ৭: ব্র্যাক সীড লিঃ কর্তৃক প্রস্তাবিত ০১(এক)টি বোরো ইনব্রেড ধানের জাত ছাড়করণ।**

**BARDC109-48-40-55-45 (ব্র্যাক ধান৩):** ব্র্যাক ধান৩ এর কৌলিক সারি নং BARDC109-48-40-55-45, জাতটি BIG103 (BIG= BRAC Inbred Germplasm) এবং Amul3 (Local Germplasm) এর সংকরায়নের মাধ্যমে Pedigree Selection পদ্ধতিতে BARDC109-48-40-55-45 উদ্ভাবিত হয়। ব্র্যাক কৃষি গবেষণা ও উন্নয়ন কেন্দ্রে উক্ত কৌলিক গবেষণা কার্যক্রম ২০১৩-১৪ সন থেকে শুরু হয় এবং মাঠ পর্যায়ে পরীক্ষা নিরীক্ষার মাধ্যমে চূড়ান্তভাবে নির্বাচন করা হয়।

উল্লেখ্য, বীজ প্রত্যয়ন এজেন্সীর কন্ট্রোল ফার্মে প্রস্তাবিত জাতের পর পর দুই বছর DUS (Distinctness, Uniformity and Stability) পরীক্ষায় প্রস্তাবিত জাত এবং চেক জাত ব্রি ধান৮৮ এর মধ্যে ১০টি বৈশিষ্ট্যে স্বাতন্ত্র্যতা পাওয়া গিয়েছে। বৈশিষ্ট্যগুলো হচ্ছে- ৩। Penultimate leaf: pubescence of blade, ১৪। Culm diameter, ১৯। Panicle: length, ২১। Panicle: number of effective tillers in plant, ২৪। Panicle: awn in spikelet, ২৫। Panicle: length longest awn, ২৭। Panicle: attitude of branches, ২৮। Panicle: exertion ৩১। Grain: length (without dehulling), এবং ৩৩। Decorticated grain: length (After dehulling, before milling)। (পরিশিষ্ট 'ছ' দ্রষ্টব্য)

উক্ত বোরো ধানের জাতটি ২০২৪-২৫ রবি মৌসুমে ১০টি অঞ্চলে অনফার্ম ৬টি (সদর, যশোর; সদর, ফেনী; দেবিদ্বার, কুমিল্লা; সদর, বগুড়া; পবা, রাজশাহী ও সদর, দিনাজপুর) এবং অনস্টেশন ৪টি (ব্রি, গাজীপুর; ব্রি, বরিশাল; ব্রি, ফরিদপুর ও ব্রি, রংপুর) সহ মোট ১০টি স্থানে VCU (Value for Cultivation and Use) টেস্ট/ ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ১০টি স্থানের মধ্যে ১০টি স্থানেই যথা- ব্রি, গাজীপুর (১০.৩৭%); ব্রি, বরিশাল (১৩.৩৯%) ব্রি, ফরিদপুর (৩৩.৭৮%); ব্রি, রংপুর (২৩.৮১%), সদর, যশোর (২১.০৬%); সদর, ফেনী (৩৪.২৩%); দেবিদ্বার, কুমিল্লা (১৯.১২%); সদর, বগুড়া (১০.৮৬%); পবা, রাজশাহী (২৭.২৬%) এবং সদর, দিনাজপুর (২০.১৬%) প্রস্তাবিত জাতটিতে চেক জাতের চেয়ে ১০% বেশী ফলন পাওয়া গিয়েছে। মূল্যায়ন ফলাফল অনুযায়ী প্রস্তাবিত জাতটির গড় ফলন ৮.৭৬ টন/হেক্টর ও চেক জাত ব্রি ধান৮৮ এর গড় ফলন ৭.২০ টন/হেক্টর। প্রস্তাবিত জাতের জীবনকাল ১৪০ দিন ও চেক জাতের জীবনকাল ১৩৮দিন। বিভিন্ন অঞ্চলে রোগবালাই এর আক্রমণ পর্যালোচনা করে দেখা যায় যে, উক্ত জাতটিতে ব্রি, গাজীপুর

ব্যাকটেরিয়াল ব্লাইট স্কোর- ৭ এবং ব্রি, ফরিদপুর এ ব্যাকটেরিয়াল ব্লাইট স্কোর- ৫ পাওয়া গিয়েছে। এছাড়া পোকামাকড়ের আক্রমণ সহনীয় পর্যায়ে রয়েছে। (পরিশিষ্ট 'ছ' দ্রষ্টব্য)

পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর এবং সদস্য সচিব, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি সংশ্লিষ্ট ব্রিডারকে প্রস্তাবিত জাত সম্পর্কে সংক্ষেপে তথ্য উপস্থাপন করার অনুরোধ করেন।

প্রস্তাবিত জাত সম্পর্কে সংশ্লিষ্ট ব্রিডার বলেন, আমরা এমন একটি জাত চাই যেটি ব্রি ধান২৯, ব্রি ধান ৯২ এর মতো হবে যার হেক্টর প্রতি ফলন হবে ৮ টনের উপর এবং জীবনকাল হবে ১৪০ দিনের মধ্যে। কৃষকদের চাহিদা মাথায় রেখে গত ৮ বছর যাবত গবেষণা করে প্রস্তাবিত জাত উদ্ভাবন করা হয়েছে। প্রস্তাবিত জাতটিতে উফশী ধানের সকল বৈশিষ্ট বিদ্যমান, ডিগপাতা খাড়া ও হালকা সবুজ, কান্ডের গোড়া শক্ত ও শিকড় সুপ্রসারিত এবং স্থানীয়ভাবে চাষকৃত উফসী বোরো জাতের চেয়ে ১.৩-১.৫ টন/হেক্টর বেশী ফলন দিয়ে থাকে। প্রস্তাবিত জাতটি বোরো মৌসুমের স্বল্প মেয়াদী জাত যার জীবনকাল ১৩৮-১৪২ দিন, কান্ড শক্ত ও সহজে হেলে পড়ে না, দানা মাঝারি চিকন, পাকার পরে ধান ঝড়ে পড়ে না, জাতটি পাতা পোড়া ও ব্লাস্ট রোগ সহনশীল, ভাত ঝরঝরে ও খেতে সুস্বাদু। জাতটিতে অ্যামাইলোজের পরিমান ২৫.৫%, প্রোটিনের পরিমান ৮.৬৮, Shattering নাই, চিটার পরিমান কম।

জনাব আবদুল বাসেদ ব্যাপারী, চেয়ারম্যান, মাসুদ সীড কোম্পানী জাতটি ছাড়করণের জন্য সুপারিশ করার পক্ষে মত দেন।

জনাব এ এইচ এম হুমায়ুন কবির, ম্যানেজিং ডিরেক্টর, সুপ্রীম সীড কোং লি. বলেন, জাতটির গুণাগুণ কৃষকের চাহিদার সাথে যায়। ১০টি ট্রায়ালের স্থানের মধ্যে ১০টি স্থানেই ফলন ভালো হয়েছে। জাতটি ছাড়করণের জন্য সুপারিশ করা যেতে পারে।

জনাব মাহবুব আনাম, ম্যানেজিং ডিরেক্টর, লাল তীর সীড লি. বলেন, বাংলাদেশের প্রেক্ষাপটে উচ্চ ফলনশীল স্বল্প জীবনকাল সম্পন্ন জাত প্রয়োজন যা কৃষক পর্যায়ে সমাদৃত হবে। জাতটি ছাড়করণের জন্য সুপারিশ করা যেতে পারে।

ড. মো: রফিকুল ইসলাম, পরিচালক (গবেষণা), ব্রি বলেন, জাতটি উচ্চ ফলনশীল এবং স্বল্প জীবনকালসম্পন্ন। জাতটি ছাড়করণের জন্য সুপারিশ করা যেতে পারে।

**সিদ্ধান্ত: ইনব্রেড ধানের জাত মূল্যায়ন এবং ছাড়করণ পদ্ধতি, ২০২৫ অনুসারে ব্র্যাক সীড লিঃ কর্তৃক প্রস্তাবিত ০১(এক)টি বোরো ইনব্রেড ধানের কৌলিক সারি BARDC109-48-40-55-45 (ব্র্যাক ধান৩) হিসেবে ছাড়করণের জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হলো।**

**আলোচ্য বিষয় ৮: গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয় (জিএইউ) কর্তৃক প্রস্তাবিত ০১(এক)টি আউশ ইনব্রেড ধানের জাত ছাড়করণ।**

**GGAU-9974-52-7-2 (জিইউ ধান৪):** গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয় হতে প্রচলিত আউশ ধান পারিজা এর সাথে চিকন উচ্চ ফলনশীল জাত BU dhan2 এর সংকরায়ন করা হয় যাতে স্বল্প মেয়াদী, উচ্চ ফলনশীল ও চিকন আউশ ধানের জাত উদ্ভাবন করা যায়। সংকরায়নে প্রাপ্ত অনেক লাইনের মধ্যে GGAU-9974-52-7-2 লাইনটি থেকে কাঙ্খিত বৈশিষ্ট্য পাওয়া যায়।

উল্লেখ্য, বীজ প্রত্যয়ন এজেন্সীর কন্ট্রোল ফার্মে প্রস্তাবিত জাতের পর পর দুই বছর DUS (Distinctness, Uniformity and Stability) পরীক্ষায় প্রস্তাবিত জাত এবং চেক জাত ব্রি ধান৮৫ এর মধ্যে ৭টি বৈশিষ্ট্যে স্বাতন্ত্র্যতা পাওয়া গিয়েছে। বৈশিষ্ট্যগুলো হচ্ছে- ৩। Penultimate leaf pubescence, ৭। Flag leaf: attitude of the blade, ১৫। Stem length (Culm length): measure from the base of the plants to the neck of the panicles, ২১। Panicle: number of the effective tillers per plant, ৩১। Grain: length (without dehulling), ৩৫। Decorticated grain: shape (length-width (widest point) ratio of de-hulled grain) এবং ৩৭। Polished grain: size of white core or chalkiness (% of kernel area)। (পরিশিষ্ট 'জ' দ্রষ্টব্য)

প্রস্তাবিত আউশ ধানের উক্ত জাতটি ২০২৪-২৫ খরিপ-১ মৌসুমে ১০টি অঞ্চলে অনফার্ম ৬টি (সদর, ফেনী; সদর যশোর; সদর, দিনাজপুর; সদর, বগুড়া; বটিয়াঘাটা, খুলনা ও সদর, ময়মনসিংহ) এবং অনস্টেশন ৪টি (ব্রি, গাজীপুর; বারি, কুমিল্লা; ব্রি, ফরিদপুর ও বিজেআরআই, রংপুর) সহ মোট ১০টি স্থানে ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ১০টি স্থানের মধ্যে ৬টি স্থানে যথা বারি, কুমিল্লা (১৯.৫১%);

সদর, যশোর (২৬.২৪%); সদর, দিনাজপুর (৩১.৭৬%); সদর, বগুড়া (৫৪.৭৯%); বিজেআরআই, রংপুর (৯০.৩২%) এবং সদর, ময়মনসিংহ (৩৪.৭৮%) এ প্রস্তাবিত জাতটিতে চেক জাতের চেয়ে ১০% বেশী ফলন পাওয়া গিয়েছে এবং ৩টি স্থানে ব্রি, গাজীপুর (-১৫.৮১%); সদর, ফেনী (০%) ও ব্রি, ফরিদপুর (৫.৪৯%) এ প্রস্তাবিত জাতটিতে চেক জাতের চেয়ে ১০% এর কম ফলন পাওয়া গিয়েছে। তাছাড়া বটিয়াঘাটা, খুলনায় কাইচথোর পর্যায়ে সাইক্লোন রেমাল ও ইঁদুরের আক্রমনের জন্য ট্রায়াল নষ্ট হয়েছে। মূল্যায়ন ফলাফল অনুযায়ী প্রস্তাবিত জাতটির গড় ফলন ৪.১৩ টন/হেক্টর ও চেক জাত বিনা ধান২১ এর গড় ফলন ৩.৪৪ টন/হেক্টর। প্রস্তাবিত জাতের জীবনকাল ১১০ দিন ও চেক জাতের জীবনকাল ১০৬ দিন। বিভিন্ন অঞ্চলে রোগবালাই এর আক্রমণ পর্যালোচনা করে দেখা যায় যে, উক্ত জাতটিতে ব্রি, গাজীপুর এ ব্যাকটেরিয়াল লিফ ব্লাইট স্কোর- ৯ পাওয়া গিয়েছে। এছাড়া অন্যান্য স্থানে রোগবালাই ও পোকামাকড়ের আক্রমণ সহনীয় পর্যায়ে রয়েছে।

পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর এবং সদস্য সচিব, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি সংশ্লিষ্ট ব্রিডারকে প্রস্তাবিত জাত সম্পর্কে সংক্ষেপে উপস্থাপন করার অনুরোধ করেন।

প্রস্তাবিত জাত সম্পর্কে সংশ্লিষ্ট ব্রিডার বলেন, প্রস্তাবিত জাতটি প্রায় ১০(দশ) বছর বিশ্ববিদ্যালয়ের গবেষণা মাঠে প্রয়োজনীয় গবেষণার পর আশানুরূপ ফলাফল পাওয়া যায়। পরবর্তীতে মাঠ পর্যায়ে পরীক্ষাতেও নির্বাচিত প্রস্তাবিত জাতটি আউশ মৌসুমে স্বল্প মেয়াদী ও উচ্চ ফলনশীল হিসেবে প্রমাণিত হয়েছে। প্রস্তাবিত জাতটির গাছের উচ্চতা ৯০-১০০সে.মি., শীষের সংখ্যা ১২-১৪টি, শীষ লম্বা (২৭-২৯ সে.মি.) ও শীষ প্রতি দানার সংখ্যা ১৪০-১৫০টি। দানার রং হলদেটে, চকচকে ও আকারে ছোট (হাজার দানার ওজন ২০-২২ গ্রাম)। ডিগপাতা খাড়া, কান্ড মধ্যম লম্বা, শীষ বেশী ও ধান চিকন।

ড. মো: রফিকুল ইসলাম, পরিচালক (গবেষণা), ব্রি বলেন, প্রস্তাবিত জাতটির একটি স্থানে ফলন আসেনি। জাতটি পুনরায় ট্রায়াল করা যেতে পারে।

ড. মো: আকতার হোসেন খান, প্রধান বীজতত্ত্ববিদ, কৃষি মন্ত্রণালয় বলেন, আউশে জাত যেহেতু কম সেহেতু জাতটি সুপারিশের জন্য বিবেচনা করা যেতে পারে।

জনাব মাহবুব আনাম, ম্যানেজিং ডিরেক্টর, লাল তীর সীড লি. বলেন, বিশ্ববিদ্যালয়ের গবেষণাকে উৎসাহিত করার জন্য জাতটি সুপারিশের জন্য বিবেচনা করা যেতে পারে।

জনাব মো: রওশন আলম, অতিরিক্ত পরিচালক (উপকরণ), সরেজমিন উইং, ডিএই বলেন, আউশের সবচেয়ে বড় হাব হলো বরিশাল। আউশের ট্রায়াল বরিশালে করা দরকার।

জনাব মো: আজিজুল হক, সহোযোগী পরিচালক, ব্র্যাক বলেন, প্রস্তাবিত জাতটির ফলন দিনাজপুর ও ফরিদপুরে ভালো হয়েছে। জাতটি সুপারিশের জন্য বিবেচনা করা যেতে পারে।

**সিদ্ধান্ত: ইনব্রেড ধানের জাত মুল্যায়ন এবং ছাড়করণ পদ্ধতি, ২০২৫ অনুসারে গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয় (জিএইউ) কর্তৃক প্রস্তাবিত ০১(এক)টি আউশ ইনব্রেড ধানের কৌলিক সারি GGAU-9974-52-7-2 (জিএইউ ধান৪) হিসেবে ছাড়করণের জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হলো।**

আলোচ্য বিষয় ৯: ২০২৪-২৫ বোরো মৌসুমের হাইব্রিড ধানের ফলাফল পর্যালোচনাপূর্বক সিদ্ধান্ত গ্রহণ।

বোরো মৌসুমের ১ম বর্ষ (২০২৪-২৫): মোট ২৬টি

| S.l No | Seed Institute/Company | Variety Name | Source Country | Remarks |
|---|---|---|---|---|
| 01 | BRAC Seed and Agro Enterprise | BRAC Hybrid dhan26 (Kandary) BG 043A/BG 301R | Bangladesh | 1st Year |
| 02 | BRAC Seed and Agro Enterprise | BRAC Hybrid dhan27 (All-rounder) BG 061A/BG 364R | Bangladesh | 1st Year |
| 03 | BRAC Seed and Agro Enterprise | BRAC Hybrid dhan28 (Karisma) BG 036A/BG 209R | Bangladesh | 1st Year |
| 04 | RiceCo International Bangladesh Limited | RiceCo Hybrid dhan5 (ADV 8676) 8676A/8676R | India | 1st Year |
| 05 | RiceCo International Bangladesh Limited | RiceCo Hybrid dhan6 (ADV 8300) 8300A/8300R | India | 1st Year |
| 06 | Integrated Crop Solution Bangladesh | ICS Hybrid dhan1 (Swapno1,WIN 271) QuanGuangA x YR821 | China | 1st Year |
| 07 | Integrated Crop Solution Bangladesh | ICS Hybrid dhan2 (Ratno1, WIN 224) 1132AxYR084 | China | 1st Year |
| 08 | Sonali Agro Farm | Sonali Hybrid dhan1 (Sara Bangla-1) SAF 312A/ SAF 125R | China | 1st Year |
| 09 | Blessing Agrovet Industries | Blessing Hybrid dhan2 (SFR-88) | China | 1st Year |
| 10 | Ispahani Agro Limited | Ispahani Hybrid dhan1 (IPAF 2302) CRMS 585A/CRRLH525R | China | 1st Year |
| 11 | NAAFCO (Pvt.) Ltd. | NAAFCO Hybrid dhan5 (CQR 925) | China | 1st Year |
| 12 | Bondhon Genetics Ltd. | Bondhon Hybrid dhan2 (BGL-111) | China | 1st Year |
| 13 | Bayer CropScience Limited Bangladesh | Bayer Hybrid dhan11 Arize 5532ST C310xM018 | India | 1st Year |
| 14 | Grameen Agro Seeds | Grameen Hybrid dhan2 (Rajmata) HYR038A/ HYR038R | China | 1st Year |
| 15 | 3s Agro Services Limited | 3s Agro Hybrid dhan6 (RTBD 2401) | India | 1st Year |
| 16 | 3s Agro Services Limited | 3s Agro Hybrid dhan7 (Rajdhan 3, MC 13). RA0065/RR0093 | India | 1st Year |
| 17 | Mitali Enterprise | Mitali Hybrid dhan5 (Rajdhan4,DR8336)RA0065/RI17S015R | India | 1st Year |
| 18 | Zaman Trade International | Zaman hybrid dhan1 (ZTI-104) 104-QY205x CZ383 | China | 1st Year |
| 19 | Advanced Chemical Industries Ltd. | ACI Hybrid dhan21 (CQR928) | China | 1st Year |
| 20 | Golden Enterprise | Golden Hybrid dhan1 (Golden 777) QY205x R106 | China | 1st Year |
| 21 | Golden Enterprise | Golden Hybrid dhan2 (Golden 555) YueTaiA x YR821 | China | 1st Year |
| 22 | Bangladesh Agricultural Development Corporation | BADC Hybrid dhan7 (SL26H) BF5-1-20 (27B * 25B) | Philippines | 1st Year |
| 23 | Bangladesh Agricultural Development Corporation | BADC Hybrid dhan8 (SL43H) BF6-1-20 (27B * 25B) | Philippines | 1st Year |
| 24 | Auto Crop Care Limited | Auto Crop Care Hybrid dhan1 (ACCL-3) WD218 | China | 1st Year |
| 25 | Winall Hi-Tech Seed Co. Bangladesh Ltd | Winall Hybrid dhan12 (win 224) H-32AxYR106 | China | 1st Year |
| 26 | Winall Hi-Tech Seed Co. Bangladesh Ltd | Winall Hybrid dhan14 (win 271) YueTaiAxYr9311 | China | 1st Year |

বোরো মৌসুমের ২য় বর্ষ (২০২৪-২৫): মোট ২৫টি

| Sl No. | Seed Institute/Company | Variety Name | Source Country | Remarks |
|---|---|---|---|---|
| 01 | Supreme Seed Company Limited | Supreme Hybrid dhan18 (Heera-18, PAN-2423) AN-25A/AN-138 | India | 2nd Year |
| 02 | Surovi Agro Industries Limited | Surovi Hybrid dhan2 (Surovi 2, PAN-2145) AN-60A/AN-5131 | India | 2nd Year |
| 03 | Mitali Agro seed Industries | Mitali Agro Hybrid dhan5 (Subornow 5,SHD-2992) SH2992A/SH-BUR | Bangladesh | 2nd Year |
| 04 | Eon Agro Industries Limited | Eon Hybrid dhan1 (Apon-1) (PAC8202338) 2338A/2338R | India | 2nd Year |
| 05 | Chemist Agrobiotech Limited | Chemist Hybrid dhan1 (Chemist-5544) M110001AxTM140128R | India | 2nd Year |
| 06 | Biosafe Agrovet | Biosafe Agrovet Hybrid dhan1 (AB-5777) TM110004AxTM140128R | India | 2nd Year |
| 07 | RiceCo International Bangladesh Limited | RiceCo Hybrid dhan2 (PAC 8744 Plus) 8744A/8744R | India | 2nd Year |
| 08 | RiceCo International Bangladesh Limited | RiceCo Hybrid dhan1 (PAC 837 Plus) 837A/837R | India | 2nd Year |
| 09 | Masud Seed Company | Masud Hybrid dhan1 (Zariya) MR001 | China | 2nd Year |
| 10 | Masud Seed Company | Masud Hybrid dhan2 (Zoeya) MR002 | China | 2nd Year |
| 11 | VNR Seeds Bangladesh PVT. LTD. | VNR Hybrid dhan5 (VNR-18570) VNRF-340/VNRRB-170 | India | 2nd Year |
| 12 | VNR Seeds Bangladesh PVT. LTD. | VNR Hybrid dhan6 (VNR-19753) VNRF-239/VNRRDN-10768 | India | 2nd Year |
| 13 | ACI Formulations Limited | ACI Formulation Hybrid dhan8 (NASH 267) ASRBCH12A/ASRBCH100R | Bangladesh | 2nd Year |
| 14 | Advanced Chemical Industries Limited | ACI Hybrid dhan20 (NASH-Bo130) SRBCH12A/ASRBCH115R | Bangladesh | 2nd Year |
| 15 | Blessing Agrovet Industries Ltd. | Blessing Hybrid dhan1 (FD-6)FD15AXR21 | China | 2nd Year |
| 16 | Amin Agro Services | Amin Hybrid dhan1 (786 POWER) Female-802A/Male-1903R | India | 2nd Year |
| 17 | Square Pharmacheuticals PLC | Square Hybrid dhan1 (PAC 8202339) 2339A/2339R | India | 2nd Year |
| 18 | Mahyco Bangladesh (Pvt.) Ltd. | Mahyco Hybrid dhan10 (MIP- 4557) RP102A(RP102B)/RPV277 | India | 2nd Year |
| 19 | Grameen Agro Seeds | Grameen Hybrid dhan1 (Pankhiraj) FD-2022A/1128R | China | 2nd Year |
| 20 | Himadri Limited | Himadri Hybrid dhan1 Monihar-7(EA211) | China | 2nd Year |
| 21 | Syngenta Bangladesh Ltd | Syngenta Hybrid dhan18 S1214 (RNC0167) | India | 2nd Year |
| 22 | Syngenta Bangladesh Ltd | Syngenta Hybrid dhan19 S1215 (RNC0630) | India | 2nd Year |
| 23 | ACI Formulations Limited | ACI Formulations Hybrid dhan7 AP20 | Bangladesh | 2nd Year |
| 24 | ACI Agrolink Limited | ACI Agrolink Hybrid dhan3 (Sava 2306) | India | 2nd Year |
| 25 | ACI Agrolink Limited | ACI Agrolink Hybrid dhan4 (PAC 202337) | India | 2nd Year |

উক্ত ৫১টি হাইব্রিড জাতের সাথে ২টি চেক জাতসহ (ব্রি ধান৮৮ এবং ব্রি ধান৮৯) মোট ৫৩ টি জাত ২টি সেটে (A সেট কোড নং- H-1748 থেকে H-1773 এবং B সেট কোড নং- H-1774 থেকে H-1800) বিভক্ত করে ৬টি অঞ্চলের ১২টি স্থানে ট্রায়াল বাস্তবায়নের জন্য গোপনীয় কোড প্রদান করে প্রেরণ করা হয়। বিভিন্ন অঞ্চলের মাঠ মূল্যায়ন দলের সদস্য সচিব ও আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার ট্রায়াল বাস্তবায়নের কোড ভিত্তিক ফলাফল প্রস্তুতপূর্বক পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী বরাবরে প্রেরণ করেন। উক্ত মাঠ মূল্যায়নের

কোড ভিত্তিক দুই বছরের ফলাফল Computerized Mean Performance এর ভিত্তিতে Compilation পূর্বক পর্যালোচনার জন্য সভায় উপস্থাপন করা হয় এবং গোপনীয় কোড উন্মুক্ত করা হয়। ১ম ও ২য় বছরে চেক জাত হিসেবে ব্রি ধান৮৮ এবং ব্রি ধান৮৯ ব্যবহার করা হয়। এ ক্ষেত্রে প্রস্তাবিত জাতের ২ বছরের গড় স্ট্যান্ডার্ড হেটোরোসিস অনস্টেশন ও অনফার্ম এ পৃথকভাবে ইনব্রিড চেকজাতের চেয়ে ২০% বেশি হতে হবে।

২য় বছরে ট্রায়ালকৃত ২৫টি জাতের ফলাফল পর্যালোচনা করে দেখা যায়, ট্রায়ালকৃত বোরো ধানের ২৫টি জাতের মধ্যে ১১টি জাত অনস্টেশন ও অনফার্মে ৪টি অঞ্চলে এবং ৮টি জাত অনস্টেশন ও অনফার্মে ৩টি অঞ্চলে চেক জাত হতে স্ট্যান্ডার্ড হেটোরোসিস ২০% বেশি হয়েছে।

## ২০২৪-২৫ বোরো মৌসুমে পাশকৃত বোরো হাইব্রিড ধানের জাতসমূহের তথ্য

| ক্র. নং | নিবন্ধনের জন্য প্রস্তাবিত নাম এবং জাতটির উৎস | আবেদনকারী প্রতিষ্ঠানের নাম | প্রস্তাবিত জাতের গড় ফলন (মে.টন/হে) ও জীবনকাল (দিন) | চেকজাত ব্রি ধান৮৮ ও ব্রি ধান৮৯ এর ফলন ও জীবনকাল | বিশেষ বৈশিষ্ট্য | ট্রায়ালে পাশকৃত অঞ্চলের | | | নিবন্ধনের জন্য সুপারিশকৃত অঞ্চল |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | নাম | অনস্টেশন হেটোরোসিস % | অনফার্ম হেটোরোসিস % | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১। | এসিআই এগ্রোলিংক হাইব্রিড ধান৪ (PAC 202337) | এসিআই এগ্রোলিংক লিমিটেড | ফলন ১০.৭৩ টন/হেক্টর জীবনকাল ১৪৭ দিন | ফলন ৭.৮৭ টন/হেক্টর জীবনকাল ১৫০ দিন | মাঝারি মোটা দানা | চট্টগ্রাম | ৩৮.৫৭ | ৩৫.২৩ | সারা বাংলাদেশ |
| | | | | | | খুলনা | ৩২.৪৩ | ২৬.৬০ | |
| | | | | | | রংপুর | ৬৭.০১ | ৩৫.৫২ | |
| | | | | | | দিনাজপুর | ৩৫.০২ | ৩৬.৯১ | |
| ২। | সুপ্রীম হাইব্রিড ধান ১৮ (হীরা১৮, PAN-2423) | সুপ্রীম সীড কোং লিমিটেড | ফলন ১০.৮৪ টন/হেক্টর জীবনকাল ১৪৭ দিন | ফলন ৭.৮৭ টন/হেক্টর জীবনকাল ১৫০ দিন | চিকন দানা | চট্টগ্রাম | ৩৮.৬৩ | ৩৭.৬২ | সারা বাংলাদেশ |
| | | | | | | খুলনা | ৩৭.৬৭ | ৩৩.৩৯ | |
| | | | | | | রংপুর | ৫৪.১৯ | ৩৫.৮৪ | |
| | | | | | | দিনাজপুর | ৩৮.৪৯ | ৩৮.৬৬ | |
| ৩। | সুরভী হাইব্রিড ধান২ (সুরভী২, PAN-2145) | সুরভী এগ্রো ইন্ডাস্ট্রিজ লিমিটেড | ফলন ১০.৪৬ টন/হেক্টর জীবনকাল ১৪৭ দিন | ফলন ৭.৮৭ টন/হেক্টর জীবনকাল ১৫০ দিন | চিকন দানা | চট্টগ্রাম | ৩৮.৩৭ | ৩৮.০৭ | সারা বাংলাদেশ |
| | | | | | | খুলনা | ৩২.৮১ | ৩৩.০৪ | |
| | | | | | | রংপুর | ৪৪.৫৭ | ৩৭.৪৮ | |
| | | | | | | দিনাজপুর | ২৫.৯৭ | ২৩.১৬ | |
| ৪। | মিতালী এগ্রো হাইব্রিড ধান৫ (সুবর্ণ৫, SHD-2992) | মিতালী এগ্রো সীড ইন্ডাস্ট্রিজ | ফলন ১০.৭৩ টন/হেক্টর জীবনকাল ১৪২ দিন | ফলন ৭.২৩ টন/হেক্টর জীবনকাল ১৩৯ দিন | চিকন দানা | চট্টগ্রাম | ৫৪.৮১ | ৫২.৩৩ | চট্টগ্রাম, খুলনা ও রংপুর |
| | | | | | | খুলনা | ৫১.২৫ | ৪৪.৮৫ | |
| | | | | | | রংপুর | ৬০.২৪ | ৫১.১৪ | |
| ৫। | কেমিস্ট হাইব্রিড ধান১ (কেমিস্ট ৫৫৪৪) | কেমিস্ট এগ্রাবায়োটেক লিমিটেড | ফলন ১০.০১ টন/হেক্টর জীবনকাল ১৪৯ দিন | ফলন ৭.৮৭ টন/হেক্টর জীবনকাল ১৫০ দিন | লম্বা মোটা দানা | চট্টগ্রাম | ২৬.৩৫ | ২৫.৬৯ | চট্টগ্রাম, খুলনা ও দিনাজপুর |
| | | | | | | খুলনা | ২১.৭১ | ২১.৯৪ | |
| | | | | | | দিনাজপুর | ২৯.৮৯ | ২৮.৬৪ | |
| ৬। | বায়োসেফ এগ্রোভেট হাইব্রিড ধান১ (AB-5777) | বায়োসেফ এগ্রোভেট | ফলন ৯.৯০ টন/হেক্টর জীবনকাল ১৫০ দিন | ফলন ৭.৮৭ টন/হেক্টর জীবনকাল ১৫০ দিন | লম্বা মোটা দানা | চট্টগ্রাম | ২২.৬১ | ২১.৮৬ | চট্টগ্রাম, খুলনা ও দিনাজপুর |
| | | | | | | খুলনা | ২১.১৬ | ২৩.৮০ | |
| | | | | | | দিনাজপুর | . ২৬.৫৩ | ৩০.৭৪ | |
| ৭। | রাইসকো হাইব্রিড ধান২ (PAC 8744 Plus) | রাইসকো ইন্টারন্যাশনাল বাংলাদেশ লিমিটেড | ফলন ১০.৬৭ টন/হেক্টর জীবনকাল ১৪৯ দিন | ফলন ৭.৮৭ টন/হেক্টর জীবনকাল ১৫০ দিন | মাঝারি চিকন দানা | চট্টগ্রাম | ৩৭.০০ | ৩৩.৬১ | চট্টগ্রাম, খুলনা ও রংপুর |
| | | | | | | খুলনা | ৩৫.১৯ | ৩১.৩২ | |
| | | | | | | রংপুর | ৪৮.৭৮ | ৪১.০৭ | |

| ক্র. নং | নিবন্ধনের জন্য প্রস্তাবিত নাম এবং জাতটির উৎস | আবেদনকারী প্রতিষ্ঠানের নাম | প্রস্তাবিত জাতের গড় ফলন (মে.টন/হে) ও জীবনকাল (দিন) | চেকজাত ব্রি ধান৮৮ ও ব্রি ধান৮৯ এর ফলন ও জীবনকাল | বিশেষ বৈশিষ্ট্য | ট্রায়ালে পাশকৃত অঞ্চলের | | | নিবন্ধনের জন্য সুপারিশকৃত অঞ্চল |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | নাম | অনস্টেশন হেটারোসিস % | অনফার্ম হেটারোসিস % | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ৮। | রাইসকো হাইব্রিড ধান১ (PAC 837 Plus | রাইসকো ইন্টারন্যাশনাল বাংলাদেশ লিমিটেড | ফলন ১০.৭৩ টন/হেক্টর জীবনকাল ১৫০ দিন | ফলন ৭.৮৭ টন/হেক্টর জীবনকাল ১৫০ দিন | মাঝারি মোটা দানা | চট্টগ্রাম | ৩৪.৩৩ | ৩৫.৮০ | সারা বাংলাদেশ |
| | | | | | | খুলনা | ৩৪.৬৬ | ৩০.৪০ | |
| | | | | | | রংপুর | ৭০.১৮ | ৪০.২০ | |
| | | | | | | দিনাজপুর | ৩৪.৪২ | ২৯.২২ | |
| ৯। | মাসুদ হাইব্রিড ধান১ (জারিয়া) MR001 | মাসুদ সীড কোং | ফলন ১০.৪১ টন/হেক্টর জীবনকাল ১৪৯ দিন | ফলন ৭.৮৭ টন/হেক্টর জীবনকাল ১৫০ দিন | মোটা দানা | চট্টগ্রাম | ৩৩.২৮ | ৩১.৬৭ | চট্টগ্রাম রংপুর ও দিনাজপুর |
| | | | | | | রংপুর | ৫৯.৮০ | ২২.৮৫ | |
| | | | | | | দিনাজপুর | ৩৫.৯১ | ৩৮.৫৮ | |
| ১০। | মাসুদ হাইব্রিড ধান২ (জয়া) MR002 | মাসুদ সীড কোং | ফলন ৯.৯২ টন/হেক্টর জীবনকাল ১৪৬ দিন | ফলন ৭.৮৭ টন/হেক্টর জীবনকাল ১৫০ দিন | চিকন দানা | চট্টগ্রাম | ২২.৩২ | ২০.৩৬ | চট্টগ্রাম রংপুর ও দিনাজপুর |
| | | | | | | রংপুর | ৪৫.০১ | ২৪.৩৩ | |
| | | | | | | দিনাজপুর | ৩৪.৮১ | ৩১.৩১ | |
| ১১। | .ভিএনআর হাইব্রিড ধান৫ (VNR-18570) | ভিএনআর বাংলাদেশ প্রাইভেট লিমিটেড | ফলন ১০.৫৫ টন/হেক্টর জীবনকাল ১৪২ দিন | ফলন ৭.২৩ টন/হেক্টর জীবনকাল ১৩৯ দিন | মাঝারি মোটা দানা | চট্টগ্রাম | ৪৯.০০ | ৫১.৪৫ | সারা বাংলাদেশ |
| | | | | | | খুলনা | ৫০.২৩ | ৪৭.৭২ | |
| | | | | | | রংপুর | ৫২.৬৮ | ৪৯.৭১ | |
| | | | | | | দিনাজপুর | ৩৪.৫০ | ৩১.২৩ | |
| ১২। | ভিএনআর হাইব্রিড ধান৬ (VNR-19753) | ভিএনআর বাংলাদেশ প্রাইভেট লিমিটেড | ফলন ১০.৬০ টন/হেক্টর জীবনকাল ১৪৬ দিন | ফলন ৭.৮৭ টন/হেক্টর জীবনকাল ১৫০ দিন | চিকন দানা | চট্টগ্রাম | ৩৬.৫৪ | ৩৪.০৬ | সারা বাংলাদেশ |
| | | | | | | খুলনা | ৩২.৮৫ | ৩১.৩৬ | |
| | | | | | | রংপুর | ৬৬.৫২ | ৩৬.১০ | |
| | | | | | | দিনাজপুর | ২৩.৩৭ | ৩২.৪০ | |
| ১৩। | এসিআই ফরমুলেশন হাইব্রিড ধান৮ (NASH 267) | এসিআই ফরমুলেশন লিমিটেড | ফলন ১০.৬০ টন/হেক্টর জীবনকাল ১৪৬ দিন | ফলন ৭.৮৭ টন/হেক্টর জীবনকাল ১৫০ দিন | লম্বা মোটা দানা | চট্টগ্রাম | ৩৬.৬৩ | ৩৫.০০ | সারা বাংলাদেশ |
| | | | | | | খুলনা | ৩৬.৮৯ | ৩৭.৩৪ | |
| | | | | | | রংপুর | ৬১.৩৮ | ৪১.৫৯ | |
| | | | | | | দিনাজপুর | ২১.৯১ | ২৪.৪৮ | |
| ১৪। | এসিআই হাইব্রিড ধান২০ (NASH-Bo130) | এসিআই লিমিটেড | ফলন ১০.৭৯ টন/হেক্টর জীবনকাল ১৪৬ দিন | ফলন ৭.২৩ টন/হেক্টর জীবনকাল ১৩৯ দিন | লম্বা চিকন দানা | চট্টগ্রাম | ৪১.৩৮ | ৪২.৪৪ | চট্টগ্রাম, খুলনা ও রংপুর |
| | | | | | | খুলনা | ৫৪.৩৪ | ৫০.৮৭ | |
| | | | | | | রংপুর | ৭৯.৩৩ | ৫৮.২২ | |
| ১৫। | ব্লেসিং হাইব্রিড ধান১ (FD-6) | ব্লেসিং এগ্রোভেট ইন্ডাস্ট্রিজ লিমিটেড | ফলন ৯.৮৫ টন/হেক্টর জীবনকাল ১৪৬ দিন | ফলন ৭.২৩ টন/হেক্টর জীবনকাল ১৩৯ দিন | মাঝারি মোটা দানা | চট্টগ্রাম | ৫২.৩৮ | ৫০.৪৪ | চট্টগ্রাম, রাজশাহী ও রংপুর |
| | | | | | | রাজশাহী | ২৯.৪৪ | ২৮.৬৭ | |
| | | | | | | রংপুর | ৬৭.০৫ | ৫৬.৫৫ | |
| ১৬। | আমিন হাইব্রিড ধান১ (786 Power) | আমিন এগ্রো সার্ভিসেস | ফলন ১১.২৪ টন/হেক্টর জীবনকাল ১৪৮ দিন | ফলন ৭.৮৭ টন/হেক্টর জীবনকাল ১৫০ দিন | মাঝারি মোটা দানা | চট্টগ্রাম | ৫১.৫০ | ৩৮.৫৬ | সারা বাংলাদেশ |
| | | | | | | খুলনা | ৪১.৭৯ | ৩৮.৭১ | |
| | | | | | | রংপুর | ৮১.৯৪ | ৩৭.৮১ | |
| | | | | | | দিনাজপুর | ৩৪.৮৯ | ৩৬.৬৮ | |

| ক্র. নং | নিবন্ধনের জন্য প্রস্তাবিত নাম এবং জাতটির উৎস | আবেদনকারী প্রতিষ্ঠানের নাম | প্রস্তাবিত জাতের গড় ফলন (মে.টন/হে) ও জীবনকাল (দিন) | চেকজাত ব্রি ধান৮৮ ও ব্রি ধান৮৯ এর ফলন ও জীবনকাল | বিশেষ বৈশিষ্ট্য | ট্রায়ালে পাশকৃত অঞ্চলের | | | নিবন্ধনের জন্য সুপারিশকৃত অঞ্চল |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | নাম | অনস্টেশন হেটারোসিস % | অনফার্ম হেটারোসিস % | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১৭। | মাহিকো হাইব্রিড ধান১০ (MIP-4557) | মাহিকো বাংলাদেশ প্রা: লিমিটেড. | ফলন ১১.৭১ টন/হেক্টর জীরনকাল ১৪৮ দিন | ফলন ৭.৮৭ টন/হেক্টর জীবনকাল ১৫০ দিন | চিকন দানা | চট্টগ্রাম | ৩৯.৫৩ | ৩৯.৩৩ | সারা বাংলাদেশ |
| | | | | | | খুলনা | ৩৯.১১ | ৩৬.৩৫ | |
| | | | | | | রংপুর | ৩৭.৬৮ | ৩৩.৭৮ | |
| | | | | | | দিনাজপুর | ৩৭.২৬ | ৩৭.৪৫ | |
| ১৮। | এসিআই ফরমুলেশন হাইব্রিড ধান৭ (AP20) | এসিআই ফরমুলেশন লিমিটেড | ফলন ১০.৮৬ টন/হেক্টর জীবনকাল ১৪৯ দিন | ফলন ৭.৮৭ টন/হেক্টর জীবনকাল ১৫০ দিন | চিকন দানা | চট্টগ্রাম | ৩৯.৫৭ | ৩৭.৩০ | সারা বাংলাদেশ |
| | | | | | | খুলনা | ৩১.৮৪ | ২৯.৯৪ | |
| | | | | | | রংপুর | ৭৪.১১ | ৩৮.৪১ | |
| | | | | | | দিনাজপুর | ৩৭.১১ | ৩৫.১৪ | |
| ১৯। | এসিআই এগ্রোলিংক হাইব্রিড ধান৩ (Sava 2306) | এসিআই এগ্রোলিংক লিমিটেড | ফলন ১০.৪৯ টন/হেক্টর জীবনকাল ১৪৫ দিন | ফলন ৭.৮৭ টন/হেক্টর জীবনকাল ১৫০ দিন | চাল মাঝারি মোটা দানা | চট্টগ্রাম | ৩৮.২৩ | ৩৬.৬২ | সারা বাংলাদেশ |
| | | | | | | খুলনা | ৩০.২৮ | ২৭.৯৭ | |
| | | | | | | রংপুর | ৪০.৩৪ | ৩৪.৫০ | |
| | | | | | | দিনাজপুর | ৩৫.৪৪ | ৩১.৯৩ | |

**সিদ্ধান্ত:** ২০২৩-২৪ ও ২০২৪-২৫ রবি মৌসুমে ট্রায়ালকৃত বোরো ধানের ২৫টি জাতের মধ্যে ১১টি জাতের ১ম ও ২য় বছরের ফলাফলের ভিত্তিতে ৪টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্মে চেক জাত এর চেয়ে ২০% স্ট্যান্ডার্ড হেটারোসিস বেশি হওয়ায় (১) এসিআই এগ্রোলিংক হাইব্রিড ধান৪, (২) সুপ্রিম হাইব্রিড ধান১৮, (৩) সুরভী হাইব্রিড ধান২ (সুরভী২, PAN-2145), (৪) রাইসকো হাইব্রিড ধান১ (PAC 837), (৫) ভিএনআর হাইব্রিড ধান৫ (VNR-18570), (৬) ভিএনআর হাইব্রিড ধান৬ (VNR-19753), (৭) এসিআই ফরমুলেশন হাইব্রিড ধান৮ (NASH 267), (৮) আমিন হাইব্রিড ধান১ (786 Power), (৯) মাহিকো হাইব্রিড ধান১০ (MIP- 4557), (১০) এসিআই ফরমুলেশন হাইব্রিড ধান৭ (AP20), (১১) এসিআই এগ্রোলিংক হাইব্রিড ধান৩ (Sava 2306) সারাদেশে এবং ৮টি জাতের ৩টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্মে চেক জাত এর চেয়ে ২০% স্ট্যান্ডার্ড হেটারোসিস বেশি হওয়ায় (১) মিতালী এগ্রো হাইব্রিড ধান৫ (সুবর্ণ৫, SHD-2992), (২) কেমিস্ট হাইব্রিড ধান১ (কেমিস্ট ৫৫৪৪), (৩) বায়োসেফ হাইব্রিড ধান১ (AB-5777), (৪) রাইসকো হাইব্রিড ধান২ (PAC 8744 Plus), (৫) মাসুদ হাইব্রিড ধান১ (জারিয়া) MR001, (৬) মাসুদ হাইব্রিড ধান২ (জয়া) MR002, (৭) এসিআই হাইব্রিড ধান২০ এবং (৮) ব্লেসিং হাইব্রিড ধান১ (FD-6) অঞ্চলভিত্তিক নিবন্ধনের জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হলো।

আলোচ্য বিষয় ১০: ২০২৪-২৫ বোরো মৌসুমের লবনাক্ততা সহনশীল হাইব্রিড ধানের ফলাফল পর্যালোচনাপূর্বক সিদ্ধান্ত গ্রহণ।

বোরো মৌসুমের ২য় বর্ষ (২০২৪-২৫): মোট ২টি

| S.I No. | Seed Institute/ Company | Variety Name | Source Country | Remarks |
|---|---|---|---|---|
| 1. | Bangladesh Rice Research Institute (BRRI) | BRRI Hybrid dhan9 BR3579H (*Oryza sativa*) | Bangladesh | 2nd Year |
| 2. | Bangladesh Rice Research Institute (BRRI) | BRRI Hybrid dhan10 BR3755H (*Oryza sativa*) | Bangladesh | 2nd Year |
| 3. | Bangladesh Rice Research Institute (BRRI) | BRRI dhan88 | Bangladesh | Check |
| 4. | Bangladesh Rice Research Institute (BRRI) | BRRI dhan67 | Bangladesh | Check |

উক্ত ২টি হাইব্রিড জাতের সাথে ২টি চেক জাতসহ (ব্রি ধান৮৮ এবং ব্রি ধান৬৭) মোট ৪টি জাত ১টি সেটে (C সেট কোড নং- H-1801 থেকে H-1804) বিভক্ত করে ৩টি অঞ্চলের ৬টি স্থানে ট্রায়াল বাস্তবায়নের জন্য গোপনীয় কোড প্রদান করে প্রেরণ করা হয়। বিভিন্ন অঞ্চলের মাঠ মূল্যায়ন দলের সদস্য সচিব ও আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার ট্রায়াল বাস্তবায়নের ফলাফল কোড ভিত্তিক তৈরীপূর্বক পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী বরাবরে প্রেরণ করেন। উক্ত মাঠ মূল্যায়নের কোড ভিত্তিক দুই বছরের ফলাফল Computerized Mean Performance এর ভিত্তিতে Compilation পূর্বক পর্যালোচনার জন্য অদ্যকার সভায় উপস্থাপন করা হলো। ১ম ও ২য় বছরে চেক জাত হিসেবে ব্রি ধান৮৮ এবং ব্রি ধান৬৭ ব্যবহার করা হয়। এ ক্ষেত্রে প্রস্তাবিত জাতের ২ বছরের গড় স্ট্যান্ডার্ড হেটারোসিস অনস্টেশন ও অনফার্ম এ পৃথকভাবে ইনব্রিড চেকজাতের চেয়ে ২০% বেশি হতে হবে।

**২০২৪-২৫ বোরো মৌসুমে পাশকৃত লবণাক্ততা সহনশীল বোরো হাইব্রিড ধানের জাতসমূহের তথ্য**

| ক্র. নং | নিবন্ধনের জন্য প্রস্তাবিত নাম এবং জাতটির উৎস | আবেদনকারী প্রতিষ্ঠানের নাম | প্রস্তাবিত জাতের গড় ফলন (মে.টন/হে) ও জীবনকাল (দিন) | চেকজাত ব্রি ধান৬৭ এর ফলন ও জীবনকাল | বিশেষ বৈশিষ্ট্য | ট্রায়ালে পাশকৃত অঞ্চলের | | | নিবন্ধনের জন্য সুপারিশকৃত অঞ্চল |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | নাম | অনস্টেশন হেটারোসিস % | অনফার্ম হেটারোসিস % | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১। | ব্রি হাইব্রিড ধান৯ | বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট | ফলন ৮.৪৪ টন/হেক্টর জীবনকাল ১৩৮ দিন | ফলন ৬.৩৬ টন/হেক্টর জীবনকাল ১৩২ দিন | মাঝারি চিকন | চট্টগ্রাম | ৩০.২১ | ৩৫.৫০ | চট্টগ্রাম, খুলনা ও বরিশাল |
| | | | | | | খুলনা | ২০.৭০ | ৪৪.৪২ | |
| | | | | | | বরিশাল | ২৯.৪৪ | ৩৬.৪৫ | |
| ২। | ব্রি হাইব্রিড ধান১০ | বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট | ফলন ৯.১৭ টন/হেক্টর জীবনকাল ১৩৯ দিন | ফলন ৬.৩৬ টন/হেক্টর জীবনকাল ১৩২ দিন | মাঝারি চিকন | চট্টগ্রাম | ৩৮.৩৩ | ৩৮.০০ | চট্টগ্রাম, খুলনা ও বরিশাল |
| | | | | | | খুলনা | ২৬.৭৪ | ৪৭.৭৯ | |
| | | | | | | বরিশাল | ৪৫.১৬ | ৪৫.০০ | |

**সিদ্ধান্ত: ২০২৩-২৪ ও ২০২৪-২৫ রবি মৌসুমে ট্রায়ালকৃত লবণাক্ততা সহনশীল বোরো হাইব্রিড ধানের ২টি জাতের ১ম ও ২য় বছরের ফলাফলের ভিত্তিতে ৩টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্মে চেক জাত এর চেয়ে ২০% স্ট্যান্ডার্ড হেটারোসিস বেশি হওয়ায় (১) ব্রি হাইব্রিড ধান৯, (২) ব্রি হাইব্রিড ধান১০ অঞ্চলভিত্তিক নিবন্ধনের জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হলো।**

**আলোচ্য বিষয় ১১: নোটিফাইড ফসলের বিভিন্ন লাইনের ডিইউএস ও ভিসিইউ টেস্টের জন্য আবেদনপত্রসহ বীজ জমা দেওয়ার বিষয়ে সংশ্লিষ্ট গাইডলাইনে উল্লেখিত তারিখ অনুসরণ।**

পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর এবং সদস্য সচিব, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি বলেন, অনেক সময় বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠানসহ জাত উদ্ভাবনকারী প্রতিষ্ঠান তাদের প্রস্তাবিত জাতের বীজ ও তথ্য সম্বলিত আবেদনপত্র নির্ধারিত সময়ে জমা দিতে বিলম্ব করে। ফলে মৌসুম অনুযায়ী বিভিন্ন নোটিফাইড ফসলের বীজ সময়মত বপন করতে না পারা তথা ট্রায়াল বাস্তবায়ন করতে অসুবিধার সম্মুখীন হতে হয়।

কারিগরি কমিটির সকল সদস্যদের ঐক্যমতের ভিত্তিতে ডিইউএস (DUS Software এর মাধ্যমে) এবং ভিসিইউ টেস্টের আবেদন, ট্রায়াল ফি, বীজ এবং সংশ্লিষ্ট ডকুমেন্ট জমা দানের শেষ তারিখ নিম্নরূপ

**ডিইউএস (DUS Softwere এর মাধ্যমে) এবং ভিসিইউ টেস্টের আবেদন, ট্রায়াল ফি, বীজ এবং সংশ্লিষ্ট ডকুমেন্ট জমা দানের শেষ তারিখ**

| ক্র. নং | ফসলের নাম | অনলাইনে আবেদন (DUS Software এর মাধ্যমে) এবং বীজ জমা দানের শেষ তারিখ | VCU টেস্টের আবেদন এবং বীজ জমা দানের শেষ তারিখ |
|---|---|---|---|
| ১ | বোরো ধান | ২০ অক্টোবর | ১ নভেম্বর |
| ২ | আমন ধান | ১৫ মে | ১৫ মে |
| ৩ | আউশ ধান | ১৫ ফেব্রুয়ারী | ১ মার্চ |
| ৪ | গম | ১৫ অক্টোবর | ১৫ অক্টোবর |
| ৫ | পাট (দেশী) | ১৫ জানুয়ারী | ১৫ জানুয়ারী |
| ৬ | পাট (তোষা) | ১৫ ফেব্রুয়ারী | ১৫ ফেব্রুয়ারী |
| ৭ | কেনাফ | ১৫ জানুয়ারী | ১৫ জানুয়ারী |
| ৮ | মেস্তা | ১৫ ফেব্রুয়ারী | ১৫ ফেব্রুয়ারী |
| ৯ | আখ | ১৫ অক্টোবর | ১৫ অক্টোবর |

উপপরিচালক (জাত পরীক্ষা) বলেন, সকল গবেষণা প্রতিষ্ঠানসহ অন্যান্য জাত উদ্ভাবনকারী প্রতিষ্ঠানকে উপরোক্ত ছকপত্র মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্রসহ বীজ ও সকল ডকুমেন্ট, ট্রায়াল ফী ও চালান বীজ প্রত্যয়ন এজেন্সী বরাবর জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো। অন্যথায় তা গ্রহণযোগ্য হবে না। এছাড়াও অসম্পূর্ণ বা পূর্ণাঙ্গ তথ্য বিহীন আবেদনপত্রও গ্রহণযোগ্য হবে না।

**সিদ্ধান্ত: সকল গবেষণা প্রতিষ্ঠানসহ অন্যান্য জাত উদ্ভাবনকারী প্রতিষ্ঠানকে উপরোক্ত ছকপত্র মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্রসহ বীজ ও সকল ডকুমেন্ট, ট্রায়াল ফী ও চালান বীজ প্রত্যয়ন এজেন্সী বরাবর জমাদান করতে হবে।**

**আলোচ্য বিষয় ১২: কারিগরি কমিটির সদস্য হিসাবে ০১ (এক) জন কৃষক প্রতিনিধি মনোনয়ন।**

পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর এবং সদস্য সচিব, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি বলেন, জাতীয় বীজ বোর্ডের কারিগরী কমিটির সম্মানিত কৃষক প্রতিনিধি জনাব ফজলুল হক সরকার (হান্নান) গত ০৯.০৪.২০২৫ তারিখ মৃত্যুবরণ করেছেন। ফলে জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির কৃষক প্রতিনিধি সদস্য পদটি শূন্য হয়েছে। তারই প্রেক্ষিতে জাতীয় বীজ বোর্ডের কারিগরী কমিটির ১১৩তম সভার ৬নং আলোচ্য বিষয় মোতাবেক কৃষক প্রতিনিধি নির্বাচনের লক্ষ্যে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর হতে ৬ জন কৃষক প্রতিনিধির তালিকা পাওয়া গিয়েছে। তিনি এ বিষয়ে উপস্থিত সকলকে মতামত দেয়ার জন্য অনুরোধ করেন।

জনাব এ এইচ এম হুমায়ুন কবির, ম্যানেজিং ডিরেক্টর, সুপ্রীম সীড কোং লি. বলেন, বীজ উৎপাদন সম্পর্কে অভিজ্ঞ এবং ঢাকার নিকটবর্তী কোন জেলা থেকে কৃষক প্রতিনিধি নির্বাচন করা যেতে পারে।

এ প্রেক্ষিতে পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর বলেন, ডিএই থেকে প্রাপ্ত তালিকা বহির্ভূত কৃষক প্রতিনিধি নির্বাচন করলে তা পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।

ড. নাজমুন নাহার করিম, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি এবং সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি বলেন, ডিএই ঢাকা অঞ্চলের অন্তর্ভুক্ত জেলা থেকে ১জন কৃষক প্রতিনিধির মনোনয়ন দিবে এবং পরবর্তী সভায় তা চূড়ান্ত করা হবে।

**সিদ্ধান্ত: ডিএই ঢাকা অঞ্চলের অন্তর্ভুক্ত জেলা থেকে ১জন কৃষক প্রতিনিধির মনোনয়ন দিবে এবং পরবর্তী সভায় তা চূড়ান্ত করা হবে।**

**আলোচ্য বিষয় ১৩: বিবিধ**

**(ক) ২০২২-২৩ বোরো মৌসুমে ট্রায়ালকৃত ৭টি হাইব্রিড ধানের জাত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ:**

এনএসবি'র ১১১তম সভার সিদ্ধান্ত অনুযায়ী ২০২২-২৩ বেরো মৌসুমে ট্রায়ালকৃত ৮টি হাইব্রিড ধানের এমাইলোজ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট থেকে পরীক্ষা করা হয় এবং পরীক্ষার ফলাফল এনএসবি'র ১১২তম সভায় উপস্থাপন করা হয়। সেই প্রেক্ষিতে এনএসবি'র ১১২তম সভায় এসিআই ফরমুলেশন হাইব্রিড ধান৫ (ACI2019) এর অ্যামাইলোজের পরিমাণ ২৪.৩% হওয়ায় জাতটি নিবন্ধনের সুপারিশ করা হয়। পরবর্তীতে ১১৪তম এনএসবি'র সভার আলোচ্য বিষয় ১০ সিদ্ধান্ত অনুযায়ী সংশোধিত হাইব্রিড ধানের জাত নিবন্ধনের ক্ষেত্রে এ্যামাইলোজের গ্রহণযোগ্য পরিমান সর্বনিম্ন ২০% অনুমোদন দেয়া হয় এবং যে জাতগুলোর এ্যামাইলোজের সর্বনিম্ন গ্রহণযোগ্য পরিমাণের কারণে জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করা হয়নি, সে জাতগুলো পুনরায় পরবর্তী কারিগরি কমিটিতে যাচাইয়ের জন্য প্রেরণ করা হয়। ২০২২-২৩ বোরো মৌসুমে ট্রায়ালকৃত অবশিষ্ট ৭টি হাইব্রিড ধানের এমাইলোজ পরীক্ষার ফলাফল উক্ত সভায় উপস্থাপন করা হয়। সভায় উপস্থিত সদস্যদের আলোচনার ভিত্তিতে নিম্নবর্ণিত ছকে উল্লেখিত জাতসমূহকে নিবন্ধনের জন্য সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

| ক্র. নং | **জাতের নাম** | **ব্রিতে পরীক্ষায় প্রাপ্ত এমাইলোজের পরিমান (%)** |
|---|---|---|
| ০১। | সিনজেন্টা হাইব্রিড ধান১১ | ২১.৭ |
| ০২। | ডুপন্ট হাইব্রিড ধান২ | ২১.৭ |
| ০৩। | এসিআই হাইব্রিড ধান১৭ | ২০.০ |
| ০৪। | নাফকো হাইব্রিড ধান৩ | ২২.০ |
| ০৫। | ন্যাশনাল এগ্রি কেয়ার হাইব্রিড ধান১০ | ২১.৫ |

**সিদ্ধান্ত: ২০২২-২৩ বোরো মৌসুমে ৫টি হাইব্রিড ধানের জাত সিনজেন্টা হাইব্রিড ধান১১, ডুপন্ট হাইব্রিড ধান২, এসিআই হাইব্রিড ধান১৭, নাফকো হাইব্রিড ধান৩ এবং ন্যাশনাল এগ্রি কেয়ার হাইব্রিড ধান১০ নিবন্ধনের জন্য সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হলো।**

**(খ) জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির সদস্যদের নিয়ে WhatsApp গ্রুপ গঠন**

ড. নাজমুন নাহার করিম, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি এবং সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি বলেন, কাজের সুবিধার্থে কারিগরি কমিটির সদস্যদের নিয়ে WhatsApp গ্রুপ গঠন করতে হবে এবং কারিগরি কমিটি'র কার্যবিবরনীর চূড়ান্ত কপি গ্রুপে দিতে হবে।

সভায় সকলেই এ বিষয়ে একমত পোষণ করেন।

**সিদ্ধান্তঃ জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির সদস্যদের নিয়ে WhatsApp গ্রুপ গঠন করতে হবে এবং জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির কার্যবিবরনীর স্বাক্ষরিত কপি গ্রুপে দিতে হবে।**

মো: জয়নাল আবেদীন
পরিচালক
বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর
এবং
সদস্য সচিব
জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি

ড. নাজমুন নাহার করিম
নির্বাহী চেয়ারম্যান
বিএআরসি
এবং
সভাপতি
জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি